হাই কোয়ালিটি ব্যাকলিংক এর জন্য অন্যতম গুরুত্বপূর্ণ মাধ্যম হলো Article Submission। Article Submission তে রেজিস্ট্রেশন করে সেখানে আরটিকেল পোস্ট করার সুযোগ থাকে। এ আর্টিকেলের ভেতর আপনার টার্গেটেড ওয়েবসাইটটির লিংক এ্যাংকর করে দিতে পারেন। এরপর আর্টিকেল যখন পাবলিশ হবে তখন ভাল মানের একটি ব্যাকলিংক পাওয়া যাবে।

যারা এসইও তে নতুন, তাদের জন্য এটি কিছুটা কষ্টকর হতে পারে। কারণ- Article Submission এর জন্য ভালো মানের কন্টেন্ট রাইটার হতে হয়। তবে আর্টিকেল রাইটার হায়ার করে তাদের দিয়ে আর্টিকেল লিখিয়ে নিতে পারেন। এছাড়া Article Submission এর জন্য কিছুটা ধৈর্য্যশীল হওয়ারও প্রয়োজন হয়। কারণ আর্টিকেলগুলো পাবলিশ হতে সময় লাগে।




চিত্র: আর্টিকেল সাবমিশনের সুবিধাসমূহ

ওয়েবসাইটে ভিজিটর আনতে বর্তমান সময়ে অন্যতম জনপ্রিয় একটি উৎস হচ্ছে আপনার ওয়েব পোস্টসমূহ বিভিন্ন আর্টিকেল সাবমিশন সাইটে সাবমিট করা। Articlesphere, Ezine এর মত আর্টিকেল সাবমিশন সাইটে জনপ্রিয় পোস্ট সাবমিট করলে, তা পাঠকদের কাছে সুন্দর লাগলে পাঠকরা আপনার ওয়েবসাইটে আসবে। এছাড়া আপনার ওয়েবসাইটের পোস্ট অনেক সোশ্যাল সাইটে শেয়ার হবে, এতে করে দ্রুত ট্রাফিক তৈরি হবে এবং সার্চ ইঞ্জিনে র‍্যাংকিংও ভালো হবে ।


Press Release হাই কোয়ালিটি ব্যাকলিংক পাওয়ার জন্য গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে। এজন্য আপনাকে হাই পেজ র‍্যাংক এবং ডোমেন অথরিটি Press Release সাইট খুঁজতে হবে। এরপর সেই সাইটগুলোতে আপনার ওয়েবসাইট সম্পর্কে Unique Press Release সাবমিট করতে হবে। যেন তা খুব সহজভাবে প্রকাশ হয়। প্রেস রিলিজ প্রকাশ হওয়ার পর সেখান থেকে ব্যাকলিংক পাওয়া যাবে।

# সেলফ চেক-১.৯

## আর্টিকেল সাবমিশন এবং প্রেস রিলিজ ব্যাকলিংক করা

**প্রশিক্ষনার্থীদের জন্য নির্দেশনা:-** উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখুন-

**সংক্ষিপ্ত প্রশ্ন-**



১. প্রশ্ন - আর্টিকেল সাবমিশন এর মাধ্যমে কিভাবে ব্যাকলিংক পাওয়া যায়?
উত্তর:

# উত্তরপত্র-১.৯



## আর্টিকেল সাবমিশন এবং প্রেস রিলিজ ব্যাকলিংক করা

১. প্রশ্ন - আর্টিকেল সাবমিশন এর মাধ্যমে কিভাবে ব্যাকলিংক পাওয়া যায়?
   উত্তর: আর্টিকেল সাবমিশনের সময় আর্টিকেলের ভেতর টার্গেটেড ওয়েবসাইটটির লিংক এ্যাংকর করে দিতে হবে এবং যখন তা পাবলিশ হবে, তখন একটি ব্যাকলিংক হবে।

# কর্মপত্র (Job Sheet) ১.৯

## Job Name (কাজের নাম): আর্টিকেল সাবমিশন এবং প্রেস রিলিজ ব্যাকলিংক করণ

**পারসোনাল প্রটেক্টিভ ইকুইপমেন্ট :**

১) চশমা

২) অর্গানোমিক চেয়ার

৩) এপ্রোন

৪) বিদ্যুৎ নিরোধক জুতা



**যন্ত্রপাতি ও উপকরণ :**

১. ডেস্কটপ / ল্যাপটপ কম্পিউটার
২. ইন্টারনেট সংযোগ
৩. উইন্ডোজ, ইন্টারনেট ব্রাউজিংসহ প্রয়োজনীয় সফটওয়্যার
৪. স্ক্যানার ও প্রিন্টার
৫. ইউপিএসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) বিদ্যুৎ সংযোগ
৬. খাতা, কলম/পেন্সিল
৭. স্বাস্থ্যসম্মত কম্পিউটার টেবিল ও চেয়ার (Ergonomic furniture)

**এক্টিভিটি :**

১। আর্টিকেল সাবমিশন করা।

২। প্রেস রিলিজ করা।

# উপকরণপত্র (Specification Sheet) ১.৯



১. ভাল মানের আরটিকেল লেখেন।
২. আরটিকেল সাবমিট করেন।
৩. প্রেস রিলিজ পাবলিস করেন।

# শিখনফল (Learning Outcome): ১০# কমেন্ট ব্যাকলিংক করা

**বিষয়বস্তু (Contents) ঃ**

১. কমেন্ট ব্যাকলিংক

**মূল্যায়ন মানদণ্ড (Assessment Criteria):**

১. কমেন্ট ব্যাকলিংক করতে পারবে।

**শর্তাবলি (Conditions ) ঃ**

কাজের সময় শিক্ষার্থীকে অবশ্যই সরবরাহ করতে হবে:

১. পিপিই,

২. সরঞ্জাম ও উপকরণ,

৩. কম্পিউটার,

৪. যন্ত্রপাতি।

**শিক্ষা উপকরন (Learning Materials) ঃ**

১. বই, ম্যানুয়াল

২. মডিউল / রেফারেন্স

৩. কম্পিউটার

৪. ইন্টারনেট কানেকশন

# প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ঃ

## শিখনফল (Learning Outcome): কমেন্ট ব্যাকলিংক করা

| শিখন কাজ (Learning Activities) | নির্দেশনা (Resources / Special instructions) |
|---|---|
| কমেন্ট ব্যাকলিংক করা ।  | প্রত্যেক শিক্ষার্থীকে-<br>• কমেন্ট ব্যাকলিংক করা সম্পর্কে ধারণা লাভ করার জন্য তথ্যপত্র (Information sheet) ১.১০ পড়তে হবে।<br>• কমেন্ট ব্যাকলিংক করা সম্পর্কে ধারণা লাভ করার জন্য স্ব-যাচাই (Self check) ১.১০ সম্পাদন করতে হবে।<br>• কমেন্ট ব্যাকলিংক করার দক্ষতা অর্জনের জন্য কর্মপত্র (Job sheet) ১.১০ অনুশীলন করতে হবে। |

# তথ্যপত্র (Information Sheet) ১.১০


**শিক্ষার উদ্দেশ্য (Learning Objective)** ঃ এই তথ্যপত্র পড়ার পর শিক্ষার্থীরা কমেন্ট ব্যাকলিংক তৈরী করা সম্পর্কে বিস্তারিত জানতে পারবে।



আপনার সাইটের বিষয়বস্তুর সঙ্গে মিল রেখে অন্যান্য মানসম্মত ব্লগের আর্টিকেলে কমেন্টের মাধ্যমে আপনার সাইটের জন্য ব্যাকলিংক পেতে পারেন। যদিও বর্তমানে অধিকাংশ ব্লগই নোফলো ব্যাকলিংক (No-Follow Link) দিয়ে থাকে, তারপরও আপনি এখান থেকে কিছু ভিজিটর পেতে পারেন।

প্রথমে নিশ রিলেটেড ব্লগ পোস্ট খুজে বের করুণ। তারপর দেখতে হবে সম্প্রতি কোন কমেন্ট এপ্রুভ হয়েছে কিনা। যদি না হয়ে থাকে তবে এমন ওয়েবসাইটে কমেন্ট করে সময় নষ্ট হবে, কারণ এ ধরণের ওয়েবসাইট কখনো কমেন্ট এপ্রুভ করে না।

অধিকাংশ পোস্টেই প্রথমে কমেন্ট অপশন থাকে। এখানে আপনি যা কমেন্ট করতে চান তা লিখবেন। এরপর নেইম: এখানে আপনি যা লিখবেন তা এ্যাঙ্কর টেক্সট হবে। ইমেইলে আপনার ইমেইল দিবেন আর ওয়েবসাইটে আপনার ওয়েবসাইটের ইউআরএল। অধিকাংশ ওয়েবসাইটেই একজন মডারেটর কমেন্ট চেক করে তারপর পাবলিশ করে। এক্ষেত্রে কিছুদিন ধৈর্য্য ধরতে হবে কমেন্টটি এ্যাপ্রোভ হওয়ার জন্য। কিছু কিছু ওয়েবসাইটে কমেন্ট করার জন্য রেস্ট্রিশন করার প্রয়োজন হয়।




চিত্র: ব্লগ কমেন্টিং ফরম

**কমেন্ট ব্যাকলিংক করার জন্য নিম্নের বিষয়গুলো অনুসরণ করতে হবে:**

- যে ব্লগে কমেন্ট করবেন সেই ব্লগের বিষয়বস্তুর সঙ্গে যেন আপনার ব্লগের বিষয়বস্তুর মিল থাকে।

- কোন ব্লগে কমেন্ট করার সময় এংকর টেক্সটের মাঝে আপনার সাইটের লিঙ্ক দিতে হবে। তবে তার আগে আপনাকে জেনে নিতে হবে ঐ সাইটে কমেন্ট করার সময় dofollow লিঙ্ক দেওয়া যায় কিনা। যদি না দেওয়া যায় সেক্ষেত্রে নিচের মত করে html কোড বসাতে হবে।

  যেমনঃ <a href="http://www.yourwebsite.com/"> Your Anchor Text </a>


- কোন ব্লগে কমেন্ট করার সময় ঐ ব্লগের  বিষয়বস্তু সম্পর্কে জানতে হবে।
- কমেন্ট করার সময় শুরুতেই ব্লগার বা রাইটার এর নাম দিয়ে শুরু করবেন।
- আপনার কমেন্টটি যেন তথ্যবহুল বা গঠনমূলক হয়। কমেন্টের কোন কথা যেন অসম্পূর্ণ না থাকে।
- আপনার পূর্বে অন্যরা কিভাবে কমেন্ট করেছে সেটি লক্ষ্য করুন। তবে তাদের কমেন্ট নকল করবেন না। কিভাবে তাদের চেয়েও ভাল কমেন্ট করা যায় সেই চেষ্টা করুন।
- কমেন্ট করার সময় কখনই কঠিন শব্দ ব্যবহার করবেন না। কমেন্ট সহজ সরল ভাষায় লিখবেন। বানান যেন ভুল না হয় সেদিক খেয়াল রাখবেন।
- পোস্ট বা কমেন্ট একটু প্রশংসামূলক করবেন যেন পাঠকেরা পড়ে তৃপ্তি পায়।

# সেলফ চেক-১.১০

## কমেন্ট ব্যাকলিংক করা

**প্রশিক্ষনার্থীদের জন্য নির্দেশনা:-** উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখুন-

**সংক্ষিপ্ত প্রশ্ন-**



১. প্রশ্ন - ব্লগ কমেন্ট ব্যাকলিংক কী?
   উত্তর:

# উত্তরপত্র-১.১০



## কমেন্ট ব্যাকলিংক করা

**১.** প্রশ্ন - ব্লগ কমেন্ট ব্যাকলিংক কী?

উত্তর: বিভিন্ন ব্লগের পোস্টে কমেন্ট করার সময়সেখানে ওয়েবসাইটের ইউআরএল দেয়ার সুযোগ থাকে। এই ইউআরএল দেয়ার মাধ্যমেযে ব্যাকলিংক হয় তাকে ব্লগ কমেন্ট ব্যাকলিংক বলে।

# কর্মপত্র (Job Sheet) ১.১০

## Job Name (কাজের নাম): কমেন্ট ব্যাকলিংক করণ

**পারসোনাল প্রটেক্টিভ ইকুইপমেন্ট :**

১) চশমা

২) অর্গানোমিক চেয়ার

৩) এপ্রোন

৪) বিদ্যুৎ নিরোধক জুতা




**যন্ত্রপাতি ও উপকরণ :**

১. ডেস্কটপ / ল্যাপটপ কম্পিউটার
২. ইন্টারনেট সংযোগ
৩. উইন্ডোজ, ইন্টারনেট ব্রাউজিংসহ প্রয়োজনীয় সফটওয়্যার
৪. স্ক্যানার ও প্রিন্টার
৫. ইউপিএসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) বিদ্যুৎ সংযোগ
৬. খাতা, কলম/পেন্সিল
৭. স্বাস্থ্যসম্মত কম্পিউটার টেবিল ও চেয়ার (Ergonomic furniture)

**এক্টিভিটি :**

১। ব্লগ কমেন্ট ব্যাকলিংক করা।

ধাপ-১: প্রথমে কমেন্ট করার জন্য নিশ (Niche) রিলেটেড ওয়েবসাইটের একটি পোস্টের কমেন্ট সেকশনে যেতে হবে।




চিত্র: কমেন্ট ব্যাকলিংক ফর্ম

ধাপ-২: তারপর কমেন্টের ঘরে কমেন্ট, নেইম এর ঘরে ওয়েবসাইটের নাম বা অ্যাংকর টেক্সট, ই-মেইলের ঘরে ই-মেইল, এবং ওয়েবসাইটের ঘরে ওয়েবসাইট এর ইউআরএল দিয়ে Post Comment এ ক্লিক করতে হবে।

# উপকরণপত্র (Specification Sheet) ১.১০



১. কমেন্টের ঘরে কমেন্ট লেখেন।
২. নেইম এর ঘরে ওয়েবসাইটের নাম বা অ্যাংকর টেক্সট লেখেন।
৩. ই-মেইলের ঘরে ই-মেইল লেখেন।
৪. ওয়েবসাইটের ঘরে ওয়েবসাইট এর ইউআরএল লেখেন।
৫. পোস্ট কমেন্ট-এ ক্লিক করেন।

# শিখনফল (Learning Outcome)ঃ ১১# সোসাল বুকমার্কিং করা

**বিষয়বস্তু (Contents) ঃ**

১. সোসাল বুকমার্কিং
২. রেডিট মার্কেটিং

**মূল্যায়ন মানদণ্ড (Assessment Criteria)ঃ**

১. সোসাল বুকমার্কিং করতে পারবে।
২. রেডিট মার্কেটিং করতে পারবে।

**শর্তাবলি (Conditions ) ঃ**

কাজের সময় শিক্ষার্থীকে অবশ্যই সরবরাহ করতে হবেঃ

১. পিপিই,

২. সরঞ্জাম ও উপকরণ,

৩. কম্পিউটার,

৪. যন্ত্রপাতি।

**শিক্ষা উপকরন (Learning Materials) ঃ**

১. বই, ম্যানুয়াল

২. মডিউল / রেফারেন্স

৩. কম্পিউটার

৪. ইন্টারনেট কানেকশন

# প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ঃ

## শিখনফল (Learning Outcome): সোসাল বুকমার্কিং করা

| শিখন কাজ (Learning Activities) | নির্দেশনা (Resources / Special instructions) |
|---|---|
| সোসাল বুকমার্কিং করা।  | প্রত্যেক শিক্ষার্থীকে-<br>• সোসাল বুকমার্কিং করা সম্পর্কে ধারণা লাভ করার জন্য তথ্যপত্র (Information sheet) ১.১১ পড়তে হবে।<br>• সোসাল বুকমার্কিং করা সম্পর্কে ধারণা লাভ করার জন্য স্ব-যাচাই (Self check) ১.১১ সম্পাদন করতে হবে।<br>• সোসাল বুকমার্কিং করার দক্ষতা অর্জনের জন্য কর্মপত্র (Job sheet) ১.১১ অনুশীলন করতে হবে। |

# তথ্যপত্র (Information Sheet) ১.১১



**শিক্ষার উদ্দেশ্য (Learning Objective)** ঃ এই তথ্যপত্র পড়ার পর শিক্ষার্থীরা সোসাল বুকমার্কিং করা সম্পর্কে বিস্তারিত জানতে পারবে।

বিভিন্ন Social Media ওয়েবসাইটে আপনার সাইট লিংক শেয়ার করাই মূলত সোসাল বুকমার্কিং। আমরা ফেসবুক বা টুইটারে ভিজিটর পাওয়ার জন্য লিংক শেয়ার করে থাকি, এগুলোই সোসাল বুকমার্কিং ব্যাকলিংক। এগুলো শুধু রেফারেল ভিজিটর না, বরং সার্চ ইঞ্জিনে একটি ওয়েবসাইটের র‍্যাংক বাড়াতে অনেক ভুমিকা পালন করে। তাছাড়া Social সাইটের মাধ্যমে হাই কোয়ালিটি ব্যাকলিংকও পাওয়া সম্ভব।

অধিকাংশ সোস্যাল সাইটেই রেজিস্ট্রেশন করে লিংক শেয়ার / সাবমিট করতে হয়। সবথেকে জনপ্রিয় সোসাল বুকমার্কিং সাইট হলো রেডিট। রেডিট অন্যসব প্লাটফর্ম থেকে আলাদা এবং রেডিটে মার্কেটিং করাও অনেক কঠিন।

## Reddit Marketing:




চিত্র: রেডিট

রেডিট ২০০৫ সালের ২৩ জুন প্রতিষ্ঠা হয়।

রেডিট যেহেতু আমেরিকান সাইট সেহেতু এখানের প্রায় ৭০% ইউজারই আমেরিকান। যারা আমেরিকান ট্রাফিক নিয়ে কাজ করতে চান তাদের জন্য রেডিট নিঃসন্দেহে একটি ভালো প্লাটফর্ম।

রেডিটে মার্কেটিং করতে হলে রেডিটের কিছু বিষয় সম্পর্কে ভাল ধারণা থাকতে হবে। কারণ প্রাথমিক অবস্থায় এ সাইটটিকে আপনার কাছে অগোছালো মনে হতে পারে।

- **আপ ভোট - ডাউন ভোট**

আমরা ফেসবুকের যেমন কোন কিছু পছন্দ হলে লাইক দেই তেমনি রেডিটে কোন পোস্ট পছন্দ হলে তাকে লাইক দেওয়াকে আপ ভোট বলে আর অপছন্দ হলে ডিসলাইক দেওয়াকে বলে ডাউন ভোট।

- **কারমা**

রেডিটের একটি গুরুত্বপূর্ণ ফিচার হচ্ছে কারমা। কারমা হল এক রকমের রেটিং। যদি আপনার সাবমিট করা লিংক বা কমেন্টের জন্য একটি আপ ভোট পান তাহলে আপনার কারমা বাড়বে এভাবে যত বেশী আপ ভোট পাবেন ততো বেশি কারমা বাড়বে। আপনার যতো বেশি কারমা বৃদ্ধি পাবে অন্যান্য রেডিটর আপনাকে ততো বেশি ফলো করবে। এতে আপনার পোস্ট র‍্যাঙ্ক করার সম্ভাবনা বৃদ্ধি পাবে। কিন্তু আপনি যদি বেশি ডাউন ভোট পান তাহলে এক পর্যায়ে আপনার একাউন্টটি বাতিল হয়ে যাবে। তাই বুঝেশুনে রেডিটের নিয়ম-নীতি মেনে পোস্ট করতে হবে।

- **সাব রেডিট**

সাব রেডিট হলো রেডিটের ক্যাটাগরির নাম।

রেডিটে পোষ্ট করার পূর্বে প্রতিটি পোষ্টকে কোন না কোন সাব রেডিটের অন্তর্ভুক্ত করতে হয়। আপনার পোষ্টটি অপ্রাসংগিক কোন সাব রেডিটের আন্ডারে পোষ্ট করলে আপনার একাউন্টটি ব্যান হয়ে যাবে।

রেডিট অন্যান্য সোশ্যাল নেটওয়ার্কের মতো না। এখানে খুব সামান্য ভুলের জন্যও আপনার রেডিট একাউন্ট ব্যান হতে পারে। কারণ রেডিট ব্যবহারকারীরা কোন মার্কেটার পছন্দ করে না। তাই রেডিটে মার্কেটিং করতে হলে বুঝে শুনে বিভিন্ন কৌশলে মার্কেটিং করতে হয়।

- **রেডিটের নিয়ম-নীতি মেনে চলুন**

রেডিটে একাউন্ট খোলা থেকে শুরু করে প্রতিবার পোস্ট করার পূর্বে প্রত্যেক সাব রেডিটের নিয়ম-কানুন ভালোভাবে পড়ে নিতে হবে। তারপর নিয়ম অনুযায়ী পোস্ট করবেন।

- **প্রোফাইল আপডেট করুন**

রেডিটের একাউন্ট খোলার পর সব ধরনের তথ্য দিয়ে প্রোফাইল আপডেট করুন। যাতে প্রোফাইলটিকে ন্যাচারাল মনে হয়। অন্যের পোস্টে কোয়ালিটি সম্পন্ন কমেন্ট দিন যা অন্যরা পড়বে এবং পছন্দ করবে। তবে একাউন্ট খোলার সাথে সাথে লিঙ্ক পোস্ট করবেন না। কিছুদিন পোস্ট করুন।

- **ভালো টাইটেল লিখুন**

আপনার পোস্ট র‍্যাংক করার জন্য টাইটেল একটি গুরুত্বপূর্ণ বিষয়। যে সকল পোস্টের টাইটেল গোছানো এবং গুরুত্বপূর্ন তথ্য সম্বলিত হয় সেই পোস্ট রেডিটে মূহুর্তের মধ্যেই র‍্যাংক করে।

- **ইউনিক কন্টেন্ট শেয়ার করুন**

পূর্বে রেডিটে শেয়ার হয়েছে এমন কন্টেন্ট কখনই শেয়ার করা যাবে না। রেডিট সবসময় ডুপ্লিকেট পোস্ট রিমুভ করে দেয় এবং একাউন্টও বাতিল করে দিতে পারে।

- **রেডিটের পোস্ট শেয়ার করুন**

রেডিটের পোস্টের আপভোট বৃদ্ধি করতে টুইটার এবং ফেসবুকে শেয়ার করুন।

- **কমেন্টের উত্তর দিন**


যখন আপনার রেডিট পোস্টে অন্যরা কমেন্ট করবে তখন তাদের কমেন্টের উত্তর দিন। এর ফলে পোস্টের কমেন্ট বেশি কাউন্ট হবে।

# সেলফ চেক-১.১১

## সোসাল বুকমার্কিং করা

**প্রশিক্ষনার্থীদের জন্য নির্দেশনা:-** উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখুন-

**সংক্ষিপ্ত প্রশ্ন-**



১. প্রশ্ন - সোসাল বুকমার্কিং কী?
   উত্তর:

২. প্রশ্ন - রেডিট কখন প্রতিষ্ঠিত হয়?

   উত্তর:

# উত্তরপত্র-১.১১

## সোসাল বুকমার্কিং করা



১. প্রশ্ন - সোসাল বুকমার্কিং কী?

উত্তর: সোসাল ওয়েবসাইটে ওয়েবসাইটের ইউআরএল শেয়ার করাই মূলত সোসাল বুকমার্কিং।

২. প্রশ্ন - রেডিট কখন প্রতিষ্ঠিত হয়?

উত্তর: রেডিট ২০০৫ সালের ২৩ জুন প্রতিষ্ঠা হয়।

# কর্মপত্র (Job Sheet) ১.১১

## Job Name (কাজের নাম): সোসাল বুকমার্কিং করণ

**পারসোনাল প্রটেক্টিভ ইকুইপমেন্ট :**

১) চশমা

২) অর্গানোমিক চেয়ার

৩) এপ্রোন

৪) বিদ্যুৎ নিরোধক জুতা



**যন্ত্রপাতি ও উপকরণ :**

১. ডেস্কটপ / ল্যাপটপ কম্পিউটার
২. ইন্টারনেট সংযোগ
৩. উইন্ডোজ, ইন্টারনেট ব্রাউজিংসহ প্রয়োজনীয় সফটওয়্যার
৪. স্ক্যানার ও প্রিন্টার
৫. ইউপিএসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) বিদ্যুৎ সংযোগ
৬. খাতা, কলম/পেন্সিল
৭. স্বাস্থ্যসম্মত কম্পিউটার টেবিল ও চেয়ার (Ergonomic furniture)

**এক্টিভিটি :**

১। সোসাল ওয়েবসাইটে ইউআরএল শেয়ার করা।

# উপকরণপত্র (Specification Sheet) ১.১১



১. সোসাল ওয়েবসাইটে একাউন্ট তৈরী করেন।
২. সোসাল ওয়েবসাইটে ইউআরএল শেয়ার করেন।

# শিখনফল (Learning Outcome)ঃ ১২# ডকস্ সাবমিশন ব্যাকলিংক করা

**বিষয়বস্তু (Contents) ঃ**

১. ডকস্ সাবমিশন
২. ভিডিও শেয়ারিং
৩. ইনফোগ্রাফিক সাবমিশন
৪. ইমেশ শেয়ারিং

**মূল্যায়ন মানদণ্ড (Assessment Criteria)ঃ**

১. ডকস্ সাবমিশন করতে পারবে।
২. ভিডিও শেয়ারিং করতে পারবে।
৩. ইনফোগ্রাফিক সাবমিশন করতে পারবে।
৪. ইমেশ শেয়ারিং করতে পারবে।

**শর্তাবলি (Conditions ) ঃ**

কাজের সময় শিক্ষার্থীকে অবশ্যই সরবরাহ করতে হবেঃ

১. পিপিই,

২. সরঞ্জাম ও উপকরণ,

৩. কম্পিউটার,

৪. যন্ত্রপাতি।

**শিক্ষা উপকরন (Learning Materials) ঃ**

১. বই, ম্যানুয়াল

২. মডিউল / রেফারেন্স

৩. কম্পিউটার

৪. ইন্টারনেট কানেকশন

## প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ঃ

### শিখনফল (Learning Outcome): ডকস্ সাবমিশন ব্যাকলিংক করা

| শিখন কাজ (Learning Activities) | নির্দেশনা (Resources / Special instructions) |
|---|---|
| ডকস্ সাবমিশন ব্যাকলিংক করা।  | প্রত্যেক শিক্ষার্থীকে-<br>● ডকস্ সাবমিশন ব্যাকলিংক করা সম্পর্কে ধারণা লাভ করার জন্য তথ্যপত্র (Information sheet) ১.১২ পড়তে হবে।<br>● ডকস্ সাবমিশন ব্যাকলিংক করা সম্পর্কে ধারণা লাভ করার জন্য স্ব-যাচাই (Self check) ১.১২ সম্পাদন করতে হবে।<br>● ডকস্ সাবমিশন ব্যাকলিংক করার দক্ষতা অর্জনের জন্য কর্মপত্র (Job sheet) ১.১২ অনুশীলন করতে হবে। |

# তথ্যপত্র (Information Sheet) ১.১২



**শিক্ষার উদ্দেশ্য (Learning Objective)** ঃ এই তথ্যপত্র পড়ার পর শিক্ষার্থ ডকস্ সাবমিশন ব্যাকলিংক করা সম্পর্কে বিস্তারিত জানতে পারবে।

ওয়েবসাইটের বিভিন্ন তথ্য সমৃদ্ধ ডকুমেন্ট, ব্যবসায়িক ডকুমেন্ট প্রভৃতি জনপ্রিয় ডকুমেন্ট শেয়ারিং সাইটে যেমন- Slideshare, Issue ইত্যাদিতে শেয়ার করা যায়। ডকুমেন্ট শেয়ারিং খুব সহজ একটি ব্যাকলিংক বিল্ডিং প্রক্রিয়া। অনলাইনে অনেক ওয়েবসাইট আছে যারা আপনার নিজের তৈরি ডকুমেন্ট যেমন- স্লাইড, পিডিএফ, ভিডিও শেয়ার করতে দিবে। আপনার নিশ রিলেটেড কিছু ডকুমেন্ট তৈরি করতে হবে। এবার ডকুমেন্ট শেয়ারিং সাইটে তা আপলোড দিয়ে, ডেসক্রিপশনে সুন্দর করে ওই বিষয়টার বর্ণনা দিতে হবে এবং তার মধ্যে আপনার সাইটের লিংকটা দিয়ে দিতে হবে।

প্রথমে এ ওয়েবসাইটে সাইন আপ করুন এবং লগইন করুন। প্রোফাইল এ যে যে তথ্য চায় তা দিন। তারপর আপনার ডকুমেন্ট, স্লাইড শো, পিডিএফ ফাইল আপলোড করুন এবং আপনার পোস্টের বা সাইটের লিংকটি দিয়ে দিন ।

আপনার সাইটের নিশ রিলেটেড কিছু ebook, pdf file এবং Presentation তৈরি করে সেগুলো বিভিন্ন হাই ডোমেন অথরিটির ডকুমেন্টস শেয়ারিং সাইটে প্রকাশ করতে পারেন। ডকুমেন্টসগুলো তৈরি করার সময় ডকুমেন্টের ভেতরে আপনার সাইটের লিংক দিয়ে দিন। তাহলে সহজেই হাই কোয়ালিটি ব্যাকলিংক পাবেন




চিত্রঃ ডকস্ সাবমিশন

## Video Sharing




চিত্রঃ ভিডিও শেয়ারিং প্লাটফরম

ভিডিও শেয়ার করার মাধ্যমে শুধু আপনি ব্যাকলিংকই পাবেন না বরং আপনার ব্র্যান্ডের প্রচারও খুব ভালোভাবে করা সম্ভব। যেমন YouTube কে ২য় সেরা ভালো সার্চ ইঞ্জিন বলা হয়। একটি ভিডিওর লিংক ডোমেনের সংখ্যার গড়, একটি টেক্সটের লিংক ডোমেনের সংখ্যার গড়ের তিনগুণ।

**টেক্সট থেকে ভিডিওর গুরুত্ব কেন বেশি ?**

বড় কোন আর্টিকেল পড়া অনেকেই পছন্দ করে না। এ ধরনের অডিয়েন্সদের আপনার ওয়েবসাইটে নিয়ে আসার জন্য ভিডিও খুব ভালো একটি মাধ্যম।

- ✓ ভিডিও যে কোন ডিভাইস (মোবাইল, ল্যাপটপ, ট্যাব) থেকে খুব সহজেই দেখা যায়।
- ✓ সোস্যাল মিডিয়ায় ভিডিও শেয়ার করা সহজ ।
- ✓ আপনার মূল্যবান তথ্য খুব সহজেই সুন্দর এবং সংক্ষিপ্তভাবে প্রকাশ করতে পারেন।
- ✓ ভিডিও সঠিকভাবে অপ্টিমাইজ করে পোস্টিং এর মাধ্যমে সেটা গুগুল ভিডিও সার্চ পেজের প্রথমে থাকার সম্ভাবনা থাকে ।

**ভিডিওর মাধ্যমে কীভাবে ব্যাকলিংক পেতে পারেন ?**

ভিডিও থেকে সাধারণত তিন ধরনের ব্যাকলিংক পেতে পারেন:

- ভিডিও বানিয়ে তা ভিডিও শেয়ারিং সাইটে আপলোড করা।
    - ✓ আলোচিত কোনো বিষয়ের ভিডিও বানাতে পারেন।
    - ✓ আপনার নিশের (niche) বিখ্যাত কোন ব্যাক্তির ইন্টারভিউ নিতে পারেন।
    - ✓ (how to / Info content)) শিরোনামে ভিডিও বানাতে পারেন।
    - ✓ ভিডিও ভাইরাল হবার সম্ভাবনা বেশি থাকে । এক্ষেত্রে অনেক ব্যাকলিংক পেয়ে যাবার সম্ভাবনা থাকে।
- অন্য কারো ভিডিওতে কমেন্টের মাধ্যমে ব্যাকলিংক পেতে পারেন।
- ভিডিও সাইটগুলোতে প্রোফাইল বানিয়ে ব্যাকলিংক পেতে পারেন।

## Infographics Submission:




চিত্র: ইনফোগ্রাফ

ইনফো অর্থাৎ তথ্য এবং গ্রাফিক অর্থ চিত্রকর্ম বা লেখচিত্র। একটি আর্টিকেলের মূল বিষয়টা যদি একটি বড় ধরণের চিত্রের মাধ্যমে প্রকাশ করা যায় তাহলে পাঠকগণ সহজে বুঝতে পারে এবং মনে রাখতে পারে। বর্তমানে ইনফোগ্রাফ খুবই জনপ্রিয়তা পাচ্ছে। কোন একটি ইনফোগ্রাফ দৃষ্টি নন্দিত হলে খুব সহজেই সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়ে বলে প্রচুর ভিজিটর পাওয়া যায়।

**ইনফোগ্রাফের মাধ্যমে কীভাবে ব্যাকলিংক পাবেন?**

- প্রথমে আপনার নিশ (niche) রিলেটেড একটি ইনফোগ্রাফ তৈরি করুন। এজন্য যারা গ্রাফিক্স ডিজাইনার তাদের সাহায্য নিতে পারেন। ৫-১০ ডলারে যে কোন মার্কেটপ্লেস থেকে বানিয়ে নিতে পারবেন। ক্যানভা থেকেও নিজে চেষ্টা করে ফ্রিতে বানাতে পারবেন।
- ইনফোগ্রাফের নিচের অংশে অবশ্যই আপনার ওয়েবসাইটের নাম উল্লেখ করবেন।
- আপনার নিশ (niche) রিলেটেড ওয়েবসাইটগুলো খুজে বের করুন।
- তাদেরকে আপনার ইনফোগ্রাফটা পোস্টের মধ্যে ব্যবহার করার পরামর্শ দিন এবং অবশ্যই ইমেজ সোর্স / কপিরাইটের জন্য আপনার ওয়েবসাইট উল্লেখ করতে বলুন।
- যে কেউ ইমেজ ব্যবহার করলে ইমেজ সোর্স / কপিরাইটের জন্য আপনার ওয়েবসাইট উল্লেখ করতে বলুন।

এভাবে যে কেউ যখন আপনার ইনফোগ্রাফটা ব্যবহার করবে তখন আপনি ব্যাকলিংক পাবেন।

## Image Sharing




চিত্র: ইমেজ শেয়ারিং প্লাটফরম

ফটোবাকেট, ফ্লিকার এর মত বিভিন্ন ফটো শেয়ারিং সাইটে ছবি শেয়ার করা যায়, এধরণের বিভিন্ন সাইটে অনেক ভিজিটর আসে। যেখান থেকে ছবি শেয়ার করার মাধ্যমে অনেক ভিজিটর আপনার ওয়েব সাইটে পেতে পারেন।


এ সমস্ত ওয়েবসাইটে ছবি শেয়ার করার সময় বর্ণনা লিখতে হয়। তখন বর্ণনার ভেতর কপিরাইট অংশে আপনার ওয়েবসাইটের এ্যাড্রেস দিয়ে দিলে ব্যাকলিংক হয়ে যাবে।

# সেলফ চেক-১.১২

## ডকস্ সাবমিশন ব্যাকলিংক করা

**প্রশিক্ষনার্থীদের জন্য নির্দেশনা:-** উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখুন-

**সংক্ষিপ্ত প্রশ্ন-**



১. প্রশ্ন - Slideshare - এ কী কী ডকুমেন্ট শেয়ার করা যায় ?
উত্তর:

২. প্রশ্ন - সব থেকে জনপ্রিয় ভিডিও শেয়ারিং প্লাটফর্ম কী?

উত্তর:

# উত্তরপত্র-১.১২



## ডকস্ সাবমিশন ব্যাকলিংক করা

১. প্রশ্ন - Slideshare - এ কী কী ডকুমেন্ট শেয়ার করা যায় ?
উত্তরঃ Slideshare - এ স্লাইড, পিডিএফ, ভিডিও শেয়ার করা যায়।

২. প্রশ্ন - সব থেকে জনপ্রিয় ভিডিও শেয়ারিং প্লাটফর্ম কী?

উত্তরঃ ইউটিউব.কম

# কর্মপত্র (Job Sheet) ১.১২

## Job Name (কাজের নাম): ডকস্ সাবমিশন ব্যাকলিংক করণ

**পারসোনাল প্রটেক্টিভ ইকুইপমেন্ট :**



১) চশমা

২) অর্গানোমিক চেয়ার

৩) এপ্রোন

৪) বিদ্যুৎ নিরোধক জুতা

**যন্ত্রপাতি ও উপকরণ :**

১. ডেস্কটপ / ল্যাপটপ কম্পিউটার
২. ইন্টারনেট সংযোগ
৩. উইন্ডোজ, ইন্টারনেট ব্রাউজিংসহ প্রয়োজনীয় সফটওয়্যার
৪. স্ক্যানার ও প্রিন্টার
৫. ইউপিএসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) বিদ্যুৎ সংযোগ
৬. খাতা, কলম/পেন্সিল
৭. স্বাস্থ্যসম্মত কম্পিউটার টেবিল ও চেয়ার (Ergonomic furniture)

**এক্টিভিটি :**

১। ডকস্ শেয়ারিং ওয়েবসাইটে ডকস্ শেয়ার করা।

# উপকরণপত্র (Specification Sheet) ১.১২



১. ডকস্ শেয়ারিং ওয়েবসাইটে একাউন্ট তৈরী করেন।

২. সোসাল ওয়েবসাইটে ডকস্ শেয়ার করেন।

# শিখনফল (Learning Outcome)ঃ ১৩# প্রশ্ন-উত্তর ওয়েবসাইটে ব্যাকলিংক করা

**বিষয়বস্তু (Contents) ঃ**

১. প্রশ্ন-উত্তর ওয়েবসাইট ব্যাকলিংক

**মূল্যায়ন মানদণ্ড (Assessment Criteria)ঃ**

১. প্রশ্ন-উত্তর ওয়েবসাইট ব্যাকলিংক পারবে।

**শর্তাবলি (Conditions ) ঃ**

কাজের সময় শিক্ষার্থীকে অবশ্যই সরবরাহ করতে হবেঃ

১. পিপিই,

২. সরঞ্জাম ও উপকরণ,

৩. কম্পিউটার,

৪. যন্ত্রপাতি।

**শিক্ষা উপকরন (Learning Materials) ঃ**

১. বই, ম্যানুয়াল

২. মডিউল / রেফারেন্স

৩. কম্পিউটার

৪. ইন্টারনেট কানেকশন

# প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ঃ

## শিখনফল (Learning Outcome): প্রশ্ন-উত্তর ওয়েবসাইটে ব্যাকলিংক করা

| শিখন কাজ (Learning Activities) | নির্দেশনা (Resources / Special instructions) |
|---|---|
| প্রশ্ন-উত্তর ওয়েবসাইটে ব্যাকলিংক করা।  | প্রত্যেক শিক্ষার্থীকে-<br>• প্রশ্ন-উত্তর ওয়েবসাইটে ব্যাকলিংক করা সম্পর্কে ধারণা লাভ করার জন্য তথ্যপত্র (Information sheet) ১.১৩ পড়তে হবে।<br>• প্রশ্ন-উত্তর ওয়েবসাইটে ব্যাকলিংক করা সম্পর্কে ধারণা লাভ করার জন্য স্ব-যাচাই (Self check) ১.১৩ সম্পাদন করতে হবে।<br>• প্রশ্ন-উত্তর ওয়েবসাইটে ব্যাকলিংক করার দক্ষতা অর্জনের জন্য কর্মপত্র (Job sheet) ১.১৩ অনুশীলন করতে হবে। |

# তথ্যপত্র (Information Sheet) ১.১৩



**শিক্ষার উদ্দেশ্য (Learning Objective)** ঃ এই তথ্যপত্র পড়ার পর শিক্ষার্থ প্রশ্ন-উত্তর ওয়েবসাইটে ব্যাকলিংক করা সম্পর্কে বিস্তারিত জানতে পারবে।

বর্তমান বিশ্বের সবচেয়ে বড় Question/Answer Website হলো Quora. এখানে World এর সব ধরনের Topic এর উপর আলোচনা করা হয় এবং Question/Answer করা হয়। এছাড়াও আরো অনেক Question/Answer সাইট রয়েছে।

Quora তে অনেক Advance Features রয়েছে। এখানে আপনারা পছন্দ মত Audience কে Target করে Question করতে পারবেন এবং তাদের সাথে Communication করতে পারবেন Post Commenting এর মধ্যে।

Quora হলো একটি ওয়েবসাইট যেখানে বিভিন্ন মানুষ বিভিন্ন প্রশ্ন করে। এ প্রশ্নের উত্তর বিভিন্ন মানুষ দেয়। এটা অনেকটা ব্লগ কমেন্ট এর মতো।

**Quora কেন Online Marketer দের জন্য উপযোগী?**

প্রথমত Quora তে World এর সব দেশ থেকে Audience পাওয়া যায় এবং শুধুমাত্র USA থেকে এখানে প্রায় ৭,৭৫,০০০ User Registered আছে, যারা সঠিক অর্থে Knowledge Seeker.



চিত্র: প্রশ্ন-উত্তর ব্যাকলিংক

**যে কারনে Quora Marketer দের জন্য উপযোগী-**

- Monthly ৭,০০,০০০+ মানুষের কাছে নিজেকে পরিচিত করা যায়।
- নিজের Skill base topic এর উপর Experience এবং Expertise বাড়ানো যায়।
- অনেক ধরনের মানুষ থাকার ফলে সবার কাছ থেকে কিছু না কিছু শেখা যায়।
- বিভিন্ন ধরনের Product সম্পর্কে Question/Answer করা যায় এবং ভাল উত্তর দিতে পারলে অনেক সহজে Product Sell করা যায়।
- আপনার Product সম্পর্কে সব ধরনের Possible Question এবং Answer পাওয়া যায়।

**কীভাবে Quora Profile তৈরি করতে হবে?**

এখানে অনেক বড় Opportunity আছে নিজেকে এবং নিজের Business কে Branding করার জন্য। এখানে আপনার Brand Name এবং Skills গুলো Focus করা ভাল। কারণ যদি কোন Answer করা হয় তাহলে Profile এর About Section এর প্রথম ৫০ Character Show করে, যা আপনার পরিচিতির জন্য অনেক ভাল।

**Quora Profile তৈরি করার পদ্ধতিসমূহ:**

- ✓ আপনার নিজের অথবা আপনার Brand সম্পর্কে সঠিক তথ্য আপনার Profile এর About Me Section এ যোগ করুন।
- ✓ আপনার Skills গুলো যোগ করুন এবং আপনার Strong Expertise গুলোও।
- ✓ আপনার Interest গুলো যোগ করুন, যাদেরকে অনুসরণ করে আপনি Question দেখতে পাবেন।

- ✓ আপনার Address, Postal, City etc. এবং অন্যান্য সব Place এর তথ্য যোগ করুন।
- ✓ আপনার শিক্ষাগত যোগ্যতা গুলো যোগ করুন।
- ✓ আপনার Experience গুলো যোগ করুন। যেখানে ঐ সকল Company এর নাম থাকবে যেখানে আপনি কাজ করেছেন এবং তাদের Details।
- ✓ Possible সব ধরনের Social Media গুলো আপনার Profile এ যোগ করুন। এতে আপনার Quora Identity সব জায়গায় সমানভাবে ছড়িয়ে পরবে।
- ✓ যদি সবগুলো Steps সঠিকভাবে সম্পূর্ণ করা যায় তাহলে ভাল Impression পাওয়া যাবে। এগুলো ছাড়াও আরও কিছু Strategy আছে নিজেকে অন্যদের কাছে ফোকাস করার জন্য।

যেমন- আপনার Topic এর উপর ভিত্তি করে Notification Trace করতে হবে। তার মানে বিভিন্ন ধরনের Question থেকে বেছে আপনার Topic Related Question এর সাথে Engagement বাড়াতে হবে। ভাল ভাল Question/Answer সম্পর্কে Analysis করতে হবে এবং ঐভাবে নিজের Question/Answer গুলোকে গুছিয়ে Submit করতে হবে। এ ধরনের Question/Answer পেতে Quora তে Regular Active থাকতে হবে এবং বিভিন্ন User দের Question/Answer এ Response করতে হবে।


বিখ্যাত এবং Authority সব Question এর Answer করার চেষ্টা করতে হবে। এতে অনেক ভাল User Engagement আসে। Quora তে আপনার Personal অথবা আপনার Business related page তৈরি করতে হবে, যেন User Engagement ভাল পাওয়া যায়।

# সেলফ চেক-১.১৩

## প্রশ্ন-উত্তর ওয়েবসাইটে ব্যাকলিংক করা

**প্রশিক্ষনার্থীদের জন্য নির্দেশনা:-** উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখুন-

**সংক্ষিপ্ত প্রশ্ন-**



১. প্রশ্ন - সবচেয়ে জনপ্রিয় প্রশ্ন-উত্তর সাইটের নাম কি ?

উত্তর:

# উত্তরপত্র-১.১৩



## প্রশ্ন-উত্তর ওয়েবসাইটে ব্যাকলিংক করা

১. প্রশ্ন - সবচেয়ে জনপ্রিয় প্রশ্ন-উত্তর সাইটের নাম কি ?
   উত্তরঃ Quora

# কর্মপত্র (Job Sheet) ১.১৩

## Job Name (কাজের নাম): প্রশ্ন-উত্তর ওয়েবসাইটে ব্যাকলিংক করণ

**পারসোনাল প্রটেক্টিভ ইকুইপমেন্ট :**

১) চশমা

২) অর্গানোমিক চেয়ার

৩) এপ্রোন

৪) বিদ্যুৎ নিরোধক জুতা



**যন্ত্রপাতি ও উপকরণ :**

১. ডেস্কটপ / ল্যাপটপ কম্পিউটার
২. ইন্টারনেট সংযোগ
৩. উইন্ডোজ, ইন্টারনেট ব্রাউজিংসহ প্রয়োজনীয় সফটওয়্যার
৪. স্ক্যানার ও প্রিন্টার
৫. ইউপিএসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) বিদ্যুৎ সংযোগ
৬. খাতা, কলম/পেন্সিল
৭. স্বাস্থ্যসম্মত কম্পিউটার টেবিল ও চেয়ার (Ergonomic furniture)

**এক্টিভিটি :**

১। প্রশ্ন-উত্তর ওয়েবসাইটে ব্যাকলিংক করা।

# উপকরণপত্র (Specification Sheet) ১.১৩



১. প্রশ্ন-উত্তর ওয়েবসাইটে ওয়েবসাইটে একাউন্ট তৈরী করেন।
২. প্রশ্ন-উত্তর ওয়েবসাইটে ব্যাকলিংক তৈরী করেন।

# শিখনফল (Learning Outcome): ১৪# ওয়েব ২.০ ব্যাকলিংক করা

**বিষয়বস্তু (Contents) ঃ**

১. ওয়েব ২.০ ব্যাকলিংক

**মূল্যায়ন মানদণ্ড (Assessment Criteria):**

১. ওয়েব ২.০ ব্যাকলিংক করতে পারবে।

**শর্তাবলি (Conditions ) ঃ**

কাজের সময় শিক্ষার্থীকে অবশ্যই সরবরাহ করতে হবে:

১. পিপিই,

২. সরঞ্জাম ও উপকরণ,

৩. কম্পিউটার,

৪. যন্ত্রপাতি।

**শিক্ষা উপকরন (Learning Materials) ঃ**

১. বই, ম্যানুয়াল

২. মডিউল / রেফারেন্স

৩. কম্পিউটার

৪. ইন্টারনেট কানেকশন

# প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ঃ

## শিখনফল (Learning Outcome): ওয়েব ২.০ ব্যাকলিংক করা

| **শিখন কাজ (Learning Activities)** | **নির্দেশনা (Resources / Special instructions)** |
|---|---|
| ওয়েব ২.০ ব্যাকলিংক করা।  | প্রত্যেক শিক্ষার্থীকে-<br>• ওয়েব ২.০ ব্যাকলিংক করা সম্পর্কে ধারণা লাভ করার জন্য তথ্যপত্র (Information sheet) ১.১৪ পড়তে হবে।<br>• ওয়েব ২.০ ব্যাকলিংক করা সম্পর্কে ধারণা লাভ করার জন্য স্ব-যাচাই (Self check) ১.১৪ সম্পাদন করতে হবে।<br>• ওয়েব ২.০ ব্যাকলিংক করার দক্ষতা অর্জনের জন্য কর্মপত্র (Job sheet) ১.১৪ অনুশীলন করতে হবে। |

# তথ্যপত্র (Information Sheet) ১.১৪



**শিক্ষার উদ্দেশ্য (Learning Objective)** ঃ এই তথ্যপত্র পড়ার পর শিক্ষার্থ প্রশ্ন-উত্তর ওয়েবসাইটে ব্যাকলিংক করা সম্পর্কে বিস্তারিত জানতে পারবে।

ওয়েব ২.০ ওয়েবসাইট বলতে সেই ওয়েবসাইটগুলো বোঝায় যেই সাইটগুলোর কন্টেন্ট এবং ব্যাকলিংকগুলোর উপর আপনার সম্পূর্ণ নিয়ন্ত্রন থাকবে এবং সম্পূর্ণ ফ্রি। যেমন- ব্লগার, ওয়ার্ডপ্রেস, টামলার, উইক্স ইত্যাদি সাইট। এখানে লিংক বিল্ডিং প্রসেস খুবই সহজ। তবে ব্যাসিক লিংক বিল্ডিং স্ট্রাটেজি মাথায় রাখতে হবে।

**ওয়েব ২.০ ব্যাকলিংক যেভাবে তৈরি করবেন:**

প্রথমে আপনার নিশ (niche) রিলেটেড ভিন্ন ভিন্ন নামে এবং ইমেইলে দিয়ে রেজিস্ট্রেশন করতে হবে যেন গুগল না বুঝতে পারে যে সবগুলো সাইটের মালিক আপনি।

এরপর একটি ওয়েবসাইট যেভাবে পাবলিশ করে সেইভাবে কন্টেন্ট দিয়ে, অনপেজ, অফ-পেজ এসইও করতে হবে। আপনার ওয়েব ২.০ সাইটগুলো যখন মোটামুটি র‍্যাংক করবে তখন ন্যাচারালি ব্যাকলিংক করতে হবে।




চিত্রঃ প্রশ্ন-উত্তর ব্যাকলিংক

**ওয়েব ২.০ কেন করবেন ?**


- ওয়েব ২.০ করে আপনি আপনার ওয়েব সাইট এর জন্য ভালো মানের ব্যাকলিঙ্ক তৈরি করতে পারবেন ।
- ওয়েব ২.০ করে আপনি হাই র‍্যাঙ্কিং সাইটগুলো থেকে ব্যাকলিঙ্ক নিতে পারবেন ।
- ওয়েব ২.০ দ্বারা যে সকল ব্যাকলিঙ্ক নিবেন সেই, ব্যাকলিঙ্কগুলো সার্চ ইঞ্জিন র‍্যাঙ্কিং ও অন্যান্য র‍্যাঙ্কিং বাড়তে সাহায্য করবে ।

# সেলফ চেক-১.১৪

## ওয়েব ২.০ ব্যাকলিংক করা

**প্রশিক্ষনার্থীদের জন্য নির্দেশনা:-** উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখুন-

**সংক্ষিপ্ত প্রশ্ন-**



১. প্রশ্ন - ওয়েব ২.০ ওয়েবসাইট কাকে বলে?
উত্তর:

# উত্তরপত্র-১.১৪



## প্রশ্ন- ওয়েব ২.০ ব্যাকলিংক করা

১. প্রশ্ন - ওয়েব ২.০ ওয়েবসাইট কাকে বলে?
উত্তর: ওয়েব ২.০ ওয়েবসাইট বলতে সেই ওয়েবসাইটগুলো বোঝায় যেই সাইটগুলোর কন্টেন্ট এবং ব্যাকলিংকগুলোর উপর আপনার সম্পূর্ণ নিয়ন্ত্রন থাকবে এবং সম্পূর্ণ ফ্রি।

# কর্মপত্র (Job Sheet) ১.১৪

## Job Name (কাজের নাম): ওয়েব ২.০ ব্যাকলিংক করণ

**পারসোনাল প্রটেক্টিভ ইকুইপমেন্ট :**



১) চশমা

২) অর্গানোমিক চেয়ার

৩) এপ্রোন

৪) বিদ্যুৎ নিরোধক জুতা

**যন্ত্রপাতি ও উপকরণ :**

১. ডেস্কটপ / ল্যাপটপ কম্পিউটার
২. ইন্টারনেট সংযোগ
৩. উইন্ডোজ, ইন্টারনেট ব্রাউজিংসহ প্রয়োজনীয় সফটওয়্যার
৪. স্ক্যানার ও প্রিন্টার
৫. ইউপিএসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) বিদ্যুৎ সংযোগ
৬. খাতা, কলম/পেন্সিল
৭. স্বাস্থ্যসম্মত কম্পিউটার টেবিল ও চেয়ার (Ergonomic furniture)

**এক্টিভিটি :**

১। ওয়েব ২.০ ব্যাকলিংক করা।

# উপকরণপত্র (Specification Sheet) ১.১৪



১. ওয়েব ২.০ রেজিস্ট্রেশন করেন।
২. ওয়েব ২.০ ব্যাকলিংক করেন।

# শিখনফল (Learning Outcome)ঃ ১৫# গেস্ট ব্লগিং করা

**বিষয়বস্তু (Contents) ঃ**

১. গেস্ট ব্লগিং

**মূল্যায়ন মানদণ্ড (Assessment Criteria):**

১. গেস্ট পোস্ট ব্যাকলিংক পারবে।

**শর্তাবলি (Conditions ) ঃ**

কাজের সময় শিক্ষার্থীকে অবশ্যই সরবরাহ করতে হবেঃ

১. পিপিই,

২. সরঞ্জাম ও উপকরণ,

৩. কম্পিউটার,

৪. যন্ত্রপাতি।

**শিক্ষা উপকরন (Learning Materials) ঃ**

১. বই, ম্যানুয়াল

২. মডিউল / রেফারেন্স

৩. কম্পিউটার

৪. ইন্টারনেট কানেকশন

# প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ঃ

## শিখনফল (Learning Outcome): গেস্ট ব্লগিং করা

| **শিখন কাজ (Learning Activities)** | **নির্দেশনা (Resources / Special instructions)** |
|---|---|
| গেস্ট ব্লগিং করা।  | প্রত্যেক শিক্ষার্থীকে-<br>• গেস্ট ব্লগিং করা সম্পর্কে ধারণা লাভ করার জন্য তথ্যপত্র (Information sheet) ১.১৫ পড়তে হবে।<br>• গেস্ট ব্লগিং করা সম্পর্কে ধারণা লাভ করার জন্য স্ব-যাচাই (Self check) ১.১৫ সম্পাদন করতে হবে।<br>• গেস্ট ব্লগিং করার দক্ষতা অর্জনের জন্য কর্মপত্র (Job sheet) ১.১৫ অনুশীলন করতে হবে। |

# তথ্যপত্র (Information Sheet) ১.১৫



**শিক্ষার উদ্দেশ্য (Learning Objective)** ঃ এই তথ্যপত্র পড়ার পর শিক্ষাথীর্রা গেস্ট ব্লগিং করা  সম্পর্কে বিস্তারিত জানতে পারবে।

বর্তমানে ব্যাকলিংক তৈরির সবচেয়ে জনপ্রিয় এবং কার্যকরী প্রক্রিয়া হলো গেস্ট ব্লগিং। গেস্ট ব্লগিং এর মাধ্যমে যে ব্যাকলিংক পাওয়া যায় এগুলো অন্য যে কোন ব্যাকলিংক থেকে এসইওতে বেশি কার্যকর।  সার্চ ইঞ্জিনে দ্রুত র‍্যাংকিং এবং ট্রাফিকের জন্য গেস্ট ব্লগিং এর বিকল্প নেই।

- **Guest Post কী?**

অনলাইনে এমন অনেক সাইট আছে যারা ভালো মানের লেখকদের লেখা তাদের ওয়েবসাইটে পোস্ট করে থাকে এবং সাইটে এমন একটি অপশন রাখে যার নাম "Write For Us", অর্থাৎ তাদের জন্য লেখা দিবেন।

তবে এসকল সাইটে আপনি চাইলেই আপনার লেখা দিতে পারবেন না। কারন এই "Write For Us" পেজের কিছু নিয়ম থাকে। আপনাকে সেগুলো মেনে কাজ করতে হবে।




চিত্র: গেস্ট ব্লগিং

- **কীভাবে Guest Post লিখবেন?**

একজন সফল গেস্ট ব্লগার হতে হলে অবশ্যই ভালো মানের কনটেন্ট বা ব্লগ লিখতে হবে। আপনার লেখাটি নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনায় রেখে লিখতে হবে ।

- ✓ আপনি যে বিষয়ে লিখবেন সেটিতে দক্ষ হতে হবে ।
- ✓ আপনার গেস্ট পোস্টটি লাইক, শেয়ার এবং মন্তব্য পাওয়ার যোগ্য হতে হবে ।
- ✓ আপনার পোস্টে আপনার নাম এবং আপনার সাইটের লিংক রাখতে হবে ।

- **কীভাবে Guest Blogger হওয়া যায়?**

যে ব্লগটি লিখবেন সেটা আপনার নিস (Niche) রিলেটেড হতে হবে। আপনার ব্লগটি যেন উচ্চ মানসম্পন্ন হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে ।ব্লগারদের ভাল কন্টেন্ট প্রয়োজন, গেস্ট পোস্টিং এর মাধ্যমে অন্যান্য ব্লগারদের সাথে আপনার বন্ধুত্ব গড়ে উঠে। এতে করে সোশ্যাল মিডিয়া গুলো যেমন ফেইসবুক, টুইটার, ইনস্টগ্রাম ইত্যাদিতে আপনার অবস্থান শক্ত হবে এবং আপনার নিজস্ব পরিচিতির পরিধি বৃদ্ধি পাবে। যা আপনার ব্লগের ভিজিটরের সংখ্যা বাড়িয়ে দেবে।

- **কেন Guest Posting করবেন?**

গেস্ট পোস্ট এর মাধ্যমে যে ব্যাকলিংকগুলো তৈরি করবেন তা সময়ের সাথে সাথে সার্চ ইঞ্জিন রেজাল্ট পেজ এ আপনার ব্লগের মান বৃদ্ধি করবে এবং আপনার ব্লগটি ইয়াহু, বিং এবং অন্যান্য মাধ্যমে সহজে খুঁজে পাওয়া যাবে। গেস্ট পোস্টিং এর একটি বিশেষ অংশ হলো বিভিন্ন কমিউনিটিতে গিয়ে আপনার বিষয়ভিত্তিক দক্ষতা প্রকাশ করা। এতে আপনি নতুন ব্যক্তিদের সাথে পরিচিত হতে পারবেন যা আপনার সাইটে ভিজিটর বাড়াতে মুখ্য ভূমিকা পালন করবে। গেস্ট পোস্টিংয়ের প্রধান সুবিধাগুলো হলো-

- ❖ নিজের ব্র্যান্ড তৈরি করা।
- ❖ নির্দিষ্ট রিডার বা কাস্টমার টার্গেট করা।
- ❖ নিজের সাইট এর জন্য শক্তিশালী লিংক বিল্ড করা।
- ❖ সাইট এর জন্য ট্রাফিক বৃদ্ধি করা
- ❖ বিভিন্ন ব্লগারদের সাথে যোগাযোগ তৈরি করা।
- ❖ নিজের অভিজ্ঞতা অন্যদের সাথে শেয়ার করা।
- ❖ নিজের রাইটিং দক্ষতা বাড়িয়ে তোলা ।

ব্যাকলিংক প্রকৃতপক্ষে সাইটের র‍্যাঙ্কিং উন্নয়ের জন্য গুরুত্বপূর্ণ হলেও, যদি একে সঠিকভাবে প্রয়োগ না করা হয় তবে তাতে হিতে বিপরীত হতে পারে। তাই যেই বিষয়গুলোর প্রতি খেয়াল রাখা প্রয়োজন তা হলো-

⌦ অপ্রাসংগিক কোনো পেজ থেকে লিংক নেয়া যাবে না।
⌦ লিংক নেয়ার সময় অবশ্যই রিলিভেন্ট Anchor Text ব্যবহার করতে হবে।
⌦ একই সাইট থেকে একাধিক লিংক না নেয়াই ভালো।

- **Guest Post কীভাবে করা যায়?**

তিন ধাপ অনুসরণ করে আমরা গেস্ট পোস্ট করতে পারি। নিম্নে সেগুলো আলোচনা করা হলো-

**১. ই-মেইল কালেকশন:**

সাধারণত, আগ্রহী সাইটের মালিকরা গেস্ট পোস্ট করার বিস্তারিত প্রসিডিউর এবং কন্টাক্ট ইনফো দিয়ে রাখে তাদের সাইটে। আর স্পেসিফিক কিছু সার্চ টার্ম দিয়ে সহজে বের করতে পারবেন সাইটগুলো। যেমন-

- Your Keyword “write for us”
- Your Keyword “become a contributor”
- Your Keyword “become a guest writer”
- Your Keyword “guest post guidelines”
- Your Keyword “contribute to our site”


অথবা,

- inurl:guest-post-guidelines Your Keyword
- inurl:guest-posts Your Keyword
- inurl:write-for-us Your Keyword

এছাড়াও linksearching.com ব্যবহার করেও সহজে খুঁজে বের করা যায়।
উপরোক্ত সার্চ টার্মগুলোতে Your Keyword অংশে আপনার নিশের সাথে মিল রেখে Keyword লিখবেন। চেষ্টা করবেন ব্রড Keyword লিখতে, একদম স্পেসিফিক না। বায়িং ইনটেনশনাল Keyword বাদ দেয়ার চেষ্টা করবেন।
যেমনঃ আপনার নিশ যদি হয় Baby Stroller
সার্চ টার্ম হবেঃ baby stroller “write for us”, baby care “write for us”, baby funny ideas “write for us” এরকম।
এই সার্চ টার্মগুলো দিয়ে খুঁজে পাওয়া সাইটগুলো থেকে আপনার এক্সেল শীটে যে বিষয়গুলো নোট করবেন:
ক) ইউআরএল
খ) সাইটের মালিক / কন্টাক্ট ইনফোতে যার সাথে কন্টাক্ট করতে বলা হয়েছে তার নাম
গ) ই-মেইল
ঘ) সাবজেক্ট লাইন (অনেক সময় বলে দেয়, মেইল পাঠানোর সময় সাবজেক্ট এর জায়গায় নির্দিষ্ট কিছু লিখতে। যেমন: “I Want To Write For You”
উপরোক্ত প্রসেসে চাহিদামত কিছু ই-মেইল (১০০-২০০) কালেক্ট করে এর পরের ধাপে যাবেন।

**২. মেইল পাঠানো:**

গেস্ট পোস্টিংয়ের আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে মেইল পাঠানো। মেইলে মূলত কী লেখা থাকে, কী লিখতে হয় তার একটি উদাহরণ-



Guest Post on AllFishingGears.com

Charles LaRosa <charles.larosa.jr@gmail.com> Tue, Mar 31, 8:16 AM
to mail

Hi,

First off, I hope you are staying safe during this difficult time. This event has caused us to unite as a community and really look out for one another.

I am been using my time to grow my fishing blog in order to display my passion for a hobby that I love. I live in Long Island, New York and have been fishing since I was a little kid. On my website, I currently share my knowledge and interest on my fishing experiences (both local and general). My website - https://www.CatchandFillet.com

I will love to write an article for your website to address a larger audience in the fishing community. In return, would it be possible to include a link back to my website? Please let me know if I can be a guest author and I will begin preparing a great post for your site.

As I continue to grow the content for my website, I love would to feature your website and help promote your brand in any way that I can.

All the best,
Charlie LaRosa

চিত্র: নমুনা গেস্ট ব্লগিং ই-মেইল

অনেকেই নেট থেকে, বন্ধুর থেকে কপি করা ই-মেইল টেমপ্লেট পাঠিয়ে কোন আশানুরূপ রেসপন্স পান না। সবাই মিলে এলামেলো লিখে একই মেইল পাঠালে সেটা স্প্যামিং এর পর্যায়ে চলে যায়। এজন্য এই একটি ব্যাপার একদম ইউনিক রাখার চেষ্টা করবেন। যত সম্ভব ফরমাল, ইন্টারেস্টিং মেইল করবেন। সাথে মাথায় রাখবেন প্রফেশনালিজম এর ব্যাপারটা।

**৩. নেগোসিয়েশন:**

গেস্ট ব্লগিংয়ের রেসপন্স রেট আসলেই অনেক কম। দিন দিন এটা আরও কমছে। কিছু কিছু ক্ষেত্রে ১০% ও ভাগ্যের ব্যাপার । মেইলের রিপ্লাই আসবে অনেকের থেকে। এর মধ্যে কেউ শুধু ইউনিক আর্টিকেল লিখে দিতে বলবে, অনেকে টাকা চাইবে। পুরো বিষয়টা নির্ভর করে সে সাইটের অবস্থা এবং আপনার আগ্রহের উপর।

নেগোসিয়েশন করবেন। মন খুলে কথা বলবেন। একবার ই-মেইলের রিপ্লাই দিলে, সেই মেইল আর স্প্যাম বক্সে যাবেনা। ইনবক্সেই যাবে!

ভুল ইংরেজি এবং এলোমেলো লিখে বিশাল বিশাল মেইল পাঠানো এড়িয়ে চলবেন। অল্প কথায় কী চান-না- চান তা বুঝিয়ে বলুন।

**গেস্ট পোস্ট / লিংক নেয়ার আগে যে সাইটের যে বিষয়গুলো খেয়াল করতে হবে:**

অনেকেই ডিএ, পিএ সহ নানা বিষয়াদি দেখেন। এসব অত বেশী জরুরী না। সাইটটি দেখতে ন্যাচারাল কিনা, সাইটের মালিক কী উদ্দেশ্যে সাইট ব্যবহার করছে, রিয়েল কিছু ট্রাফিক (অন্তত ৫০০ - ১০০০+) এবং ব্যাকলিংক প্রোফাইল চেক করে আপনি একটি সাইট সম্পর্কে আইডিয়া পেতে পারেন।

**আরও কিছু বিষয় জেনে রাখা প্রয়োজন:**

- কিছু কিছু সাইটে সরাসরি কন্টাক্ট ফর্ম থেকে কন্টাক্ট করতে বলে। সেক্ষেত্রে কন্টাক্ট মেসেজেই আপনার ই-মেইল টেমপ্লেট মেসেজ করবেন।
- কিছু সাইট সরাসরি আর্টিকেল সাবমিট করতে বলে। এটাও করতে পারেন। এজন্য দুই-তিনটি আর্টিকেল লিখে হাতে রাখবেন এবং কোন সাইট পেলে আর্টিকেল সাবমিট করে দিতে পারেন।

- লিংক নেয়ার ক্ষেত্রে এংকর টেক্সট সম্পর্কে সচেতন থাকবেন। আপনার এই একটি ভুল সাইটের বিশাল ক্ষতি করে দিতে পারে।


অনেকে Existing কন্টেন্ট থেকে লিংক নেয়ার ব্যাপারেও আগ্রহী থাকেন। সেক্ষেত্রে সাইটের অন্যান্য অ্যাট্রিক্স ঠিক থাকলে কোন ওয়েবমাস্টারকে কথা বলে নিতে পারবেন ।

# সেলফ চেক-১.১৫

## গেস্ট ব্লগিং করা

**প্রশিক্ষনার্থীদের জন্য নির্দেশনা:-** উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখুন-

**সংক্ষিপ্ত প্রশ্ন-**



১. প্রশ্ন - গেস্ট পোস্ট কাকে বলে?

উত্তর:

২. প্রশ্ন - গেস্ট পোস্ট গ্রহন করার জন্য ওয়েবসাইটের মালিকগন কী ধরনের পেজ তাদের ওয়েবসাইটে রাখে?

উত্তর:

# উত্তরপত্র-১.১৫



## গেস্ট ব্লগিং করা

১. প্রশ্ন - গেস্ট পোস্ট কাকে বলে?

উত্তর: অন্যের ওয়েবসাইটে ব্যাকলিংক পাওয়ার জন্য পোস্ট করাকে গেস্ট পোস্ট বলে।

২. প্রশ্ন - গেস্ট পোস্ট গ্রহন করার জন্য ওয়েবসাইটের মালিকগন কী ধরনের পেজ তাদের ওয়েবসাইটে রাখে?

উত্তর: গেস্ট পোস্ট গ্রহন করার জন্য ওয়েবসাইটের মালিকগন write for us, become a contributor, become a guest writer, guest post guidelines, contribute to our site এই ধরনেরপেজ রাখে।

# কর্মপত্র (Job Sheet) ১.১৫

## Job Name (কাজের নাম): গেস্ট ব্লগিং করণ

**পারসোনাল প্রটেক্টিভ ইকুইপমেন্ট :**



১) চশমা

২) অর্গানোমিক চেয়ার

৩) এপ্রোন

৪) বিদ্যুৎ নিরোধক জুতা

**যন্ত্রপাতি ও উপকরণ :**

১. ডেস্কটপ / ল্যাপটপ কম্পিউটার
২. ইন্টারনেট সংযোগ
৩. উইন্ডোজ, ইন্টারনেট ব্রাউজিংসহ প্রয়োজনীয় সফটওয়্যার
৪. স্ক্যানার ও প্রিন্টার
৫. ইউপিএসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) বিদ্যুৎ সংযোগ
৬. খাতা, কলম/পেন্সিল
৭. স্বাস্থ্যসম্মত কম্পিউটার টেবিল ও চেয়ার (Ergonomic furniture)


**এক্টিভিটি :**

১। Guest Post এর জন্য "Fishing Niche" ওয়েব সাইট খুঁজে বের করা:

**১। Guest Post এর জন্য “Fishing Niche” ওয়েব সাইট খুঁজে বের করা:**


ধাপ-১: প্রথমে যে কোন ব্রাউজার ওপেন করে www.google.com এ যেতে হবে।

ধাপ-২: সার্চ বক্সে লিখতে হবে Fishing “guest post” এবং Search Google এ ক্লিক করতে হবে।




চিত্র: গুগল সার্চ

Guest Post এর জন্য “Fishing Niche” ওয়েব সাইট আসবে।


Google
Fishing "guest post"
All
Maps
Images
Videos
News
More
Settings
Tools
About 3,920,000 results (0.43 seconds)
www.bigguestposting.com › niche › guest-posting
81 Fishing Guest Post Websites List - Fishing 2020
Guest post on hundreds of Fishing websites. We manage the internets largest database of Fishing guest blogging and guest posting opportunities. Get strong ...
fishinglidokey.com › fishing-guest-posts-and-links
Fishing Guest Posts and Links - Sarasota Fishing Charters ...
Nov 4, 2019 — I am accepting fishing guest posts and links for my website, Fishing Lido Key. If you would like to write a quality fishing guest post, please read ...
www.fiverr.com › ... › Content Marketing › Guest Posting
Write and guest post on my fishing blog by M2webs - Fiverr
If you own a fishing website this guest blog post is perfect to promote your online business and improve SEO ...
Oct 8, 2014
www.fishadviser.co.uk › blog › like-write-fishing-guest...
Would you like to write a fishing guest post on our blog?
Jan 6, 2019 — Do you run a fishing related website/blog or are you a fisherman who just loves to write about anything fish related? We are happy to allow ...
allfishinggears.com › submit-guest-post
Submit Guest Post | All Fishing Gear
Do you like fishing? If yes, you can share Fishing experiences and tips for us. All Fishing Gears offers to publish Guest post. We are the growing.
blog.nwf.org › 2012/03 › guest-post-hooked-on-fishing
GUEST POST: Hooked on Fishing • The National Wildlife ...
Mar 23, 2012 — I can't remember exactly how old I was when I learned how to fish, but since then I have been hooked. I love everything about fishing. Every year, ...

চিত্র: গুগল সার্চ

# উপকরণপত্র (Specification Sheet) ১.১৫



১. গেস্ট পোস্টের জন্য ওয়েবসাইট খজে বের করে লিস্ট করেন।
২. ই-মেইলে গেস্ট পোস্ট করার প্রস্তাব পাঠান।
৩. ই-মেইল রিপ্লে আসলে তাদেরকে আরটিকেলসহ লিংক পাঠান।

# শিখনফল (Learning Outcome)ঃ ১৬# পিবিএন ব্যাকলিংক করা

**বিষয়বস্তু (Contents) ঃ**

১. পিবিএন ব্যাকলিংক

**মূল্যায়ন মানদণ্ড (Assessment Criteria)ঃ**

১. পিবিএন ব্যাকলিংক করতে পারবে।

**শর্তাবলি (Conditions ) ঃ**

কাজের সময় শিক্ষার্থীকে অবশ্যই সরবরাহ করতে হবেঃ

১. পিপিই,

২. সরঞ্জাম ও উপকরণ,

৩. কম্পিউটার,

৪. যন্ত্রপাতি।

**শিক্ষা উপকরন (Learning Materials) ঃ**

১. বই, ম্যানুয়াল

২. মডিউল / রেফারেন্স

৩. কম্পিউটার

৪. ইন্টারনেট কানেকশন

# প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ঃ

## শিখনফল (Learning Outcome): পিবিএন ব্যাকলিংক করা

| **শিখন কাজ (Learning Activities)** | **নির্দেশনা (Resources / Special instructions)** |
|---|---|
| পিবিএন ব্যাকলিংক করা ।  | প্রত্যেক শিক্ষার্থীকে-<br>● পিবিএন ব্যাকলিংক সম্পর্কে ধারণা লাভ করার জন্য তথ্যপত্র (Information sheet) ১.১৬ পড়তে হবে।<br>● পিবিএন ব্যাকলিংক সম্পর্কে ধারণা লাভ করার জন্য স্ব-যাচাই (Self check) ১.১৬ সম্পাদন করতে হবে।<br>● পিবিএন ব্যাকলিংক করার দক্ষতা অর্জনের জন্য কর্মপত্র (Job sheet) ১.১৬ অনুশীলন করতে হবে। |

# তথ্যপত্র (Information Sheet) ১.১৬

**শিক্ষার উদ্দেশ্য (Learning Objective)** ঃ এই তথ্যপত্র পড়ার পর শিক্ষার্থীরা পিবিএন ব্যাকলিংক করা সম্পর্কে বিস্তারিত জানতে পারবে।



একটি ওয়েব সাইট খুব দ্রুত র‍্যাংকিং করানোর জন্য পি. বি. এন ব্যাকলিংক সবচেয়ে জনপ্রিয় প্রক্রিয়া। তবে এটি অনেক ব্যায়বহুলও বটে! অনেকেই গ্রে হ্যাট এসইও বলে থাকেন! হোয়াইট হ্যাট আর ব্লাক হ্যাট এসইও এর মাঝামাঝি, অনেকটা। আপনার ব্যাকলিংক করার দক্ষতার উপর নির্ভর করবে যে আপনার লিংক বিল্ডিং হোয়াইট হ্যাট হবে-না-কি ব্লাক হ্যাট হবে।

সঠিকভাবে লিংক বিল্ডিং করতে পারলে ৩-৪ মাসের মধ্যে গুগল র‍্যাংকিং পাওয়া সম্ভব। PBN বলতে বোঝায় নিজের কয়েকটা ব্লগিং নেটওয়ার্ক! PBN তৈরি করার জন্য আমাদের কয়েকটা ধাপ অনুসরণ করতে হবে।

- **এক্সপায়ার্ড ডোমেইন ক্রয়ঃ**


প্রথমত, পিবিএন তৈরি করার জন্য আমাদেরকে এক্সপায়ার্ড ডোমেইন খুঁজে বের করতে হবে। তার আগে জানা দরকার এক্সপায়ার্ড ডোমেইন কী? অনেকেই একটি ডোমেইন কিনে ওয়েবসাইট কয়েক বছর রাখার পর আর রিনিউ করে না। এই ডোমেইনগুলো নিলামে বিক্রি হয়। এখন কথা হচ্ছে এক্সপায়ার্ড ডোমেইন কেন লাগবে?




চিত্র: পি. বি. এন ব্যাকলিংক


এক্সপায়ার্ড ডোমেইনগুলো নিয়ে যেহেতু কয়েক বছর ওয়েব সাইট রান করা হয় এর মধ্যে ওই ডোমেইনগুলোর অথোরিটি হয়ে যায়! ডোমেইন অথোরিটি (ডি.এ) এবং পেজ অথোরিটি (পি.এ) অনেকবেশি থাকে। এক্সপায়ার্ড ডোমেইন নেম এর ক্ষেত্রে পি.এ নাও থাকতে পারে! কারন অনেক দিন ওই ডোমেইনটির কোন ওয়েবসাইট নাও থাকতে পারে। এক্সপায়ার্ড ডোমেইন খোজার জন্য অনেক পেইড টুলস আছে। তার মধ্যে ডমকম্প.কম অনেক জনপ্রিয়।

ফ্রি টুলসগুলোর ভেতর GoDaddy অনেক ভাল। এখানে যাওয়ার পর একটি সার্চ বক্স পাবেন। আপনার নিশ রিলেটেড কীওয়ার্ড দিয়ে সার্চ দিলে নিচে ডোমেইনগুলো চলে আসবে। ডানদিকে অ্যাডভান্স সার্চ অপশন পাওয়া যাবে ফিল্টারিং এর মাধ্যমে প্রয়োজনীয় ডোমেইন নেমগুলো খুঁজে বের করতে।




চিত্র: গোড্যাড্ডি অকশন

অ্যাডভান্স সার্চ অপশন থেকে প্রথমেই আপনার কীওয়ার্ডটি ডোমেইন নেমের মধ্যে কীভাবে থাকবে তা সিলেক্ট করে দিতে পারবেন। আপনি কোন এক্সটেনশনের ডোমেইন নিতে চান তা সিলেক্ট করতে পারবেন। এই ক্ষেত্রে আমরা .com, .net এবং .org ডোমেইন নিয়ে কাজ করব। কারন এগুলো টপ লেভেল ডোমেইন যা গুগলের কাছে র‍্যাঙ্কিং এর ক্ষেত্রে অগ্রাধিকার পায়। আপনি কত ডলার থেকে কত ডলারের ডোমেইন কিনতে চাচ্ছেন তা প্রাইস সেকশনে লিখে দিতে পারেন।
নিচের বারটি ডানদিকে নিলে আমরা আরও কিছু অপশন পাব।




চিত্র: গোড্যাড্ডি অকশন এ্যাডভান্স সার্চ

ডোমেইন এজ থেকে আপনি কত বছর থেকে কত বছর বয়সের ডোমেইন চাচ্ছেন তা খুব সহজে লিখে দিতে পারবেন। এরপর ট্রাফিক অপশন, যেখানে প্রতি মাসে কেমন ভিজিটর চাচ্ছেন তা লিখে দিতে পারবেন।

এভাবে ফিল্টারিং করে খুব সহজে আপনার কাঙ্খিত ডোমেইন নেম পেয়ে যাবেন।

**লক্ষ্যনীয় : ডোমেইন কেনার সময় অবশ্যই ডোমেইন অথোরিটি (ডি.এ) বেশি নেওয়ার চেষ্টা করতে হবে এবং তা ৩০+ হলে ভাল হয়। ডি.এ ১৫ এর নিচে হলে তেমন কোন লাভ হবে না।**


ডোমেইন রেজিস্ট্রেশনের সময় অবশ্যই একটি বিষয় মাথায় রাখতে হবে যেন সবগুলো ডোমেইন নেম একজনের নামে না হয় এবং আপনার মানি সাইটের ডোমেইন-হোস্টিং যে তথ্য দিয়ে রেজিস্ট্রেশন করা তার সাথে না মিলে। আপনি যদি ৫টি ডোমেইন কিনেন তাহলে তা অন্য ৫টি আলাদা মেইল এবং তথ্য দিয়ে কিনতে হবে। সবগুলো ডোমেইন যদি একই তথ্য দিয়ে কেনা হয় তাহলে আপনি গুগলের কাছে ধরা পড়ে যাবেন। গুগল বুঝে ফেলবে যে সবগুলো সাইটের মালিক একজন, এবং র‍্যাংক নাও দিতে পারে এমনকি পেনাল্টিও দিতে পারে।

- **ওয়েব সাইট তৈরি এবং কন্টেন্ট পাবলিশ:**

ডোমেইন ক্রয় হয়ে গেলে আমাদের হোস্টিং কিনতে হবে এবং ওয়েবসাইট তৈরি করতে হবে। হোস্টিং কেনার সময় প্রতিটি সাইটের যেন আলাদা আইপি অ্যাড্রেস হয় তা নিশ্চিত করতে হবে। ওয়েব সাইট তৈরি শেষ হলে অন-পেজ এসইও করতে হবে এবং কিছু কন্টেন্ট পাবলিশ করতে হবে। আপনি চাইলে অফ-পেজ এসইও করতে পারেন।

- **লিংক বিল্ডিং:**

ওয়েবসাইটগুলো পাবলিশ হওয়ার পর ন্যাচারালি লিংক বিল্ডিং করতে হবে। একটি ওয়েবসাইট থেকে আপনার মানি সাইটের জন্য ১-২টি ব্যাকলিংক নিতে পারেন এবং একটি পোস্ট থেকে ২টির বেশি লিংক নেওয়া ঠিক হবে না। ধরা যাক, আপনার ১০টি পিবিএন ওয়েবসাইট আছে এবং আপনি ১ দিনে ২০টি ব্যাকলিংক আপনার মানি সাইটে দিয়ে দিলেন। এইটি ন্যাচারাল ব্যাকলিংক হল না। বরং আপনি কয়েকদিন পর পর একটি-দুইটি করে ব্যাকলিংক দিতে পারেন। আপনি যদি কোন রকম ঝুকি নিতে না চান, সেক্ষেত্রে টায়ার ২ ব্যাকলিংক করতে পারেন। নিচের চিত্রটা লক্ষ্য করলে বুঝতে পারবেন।




চিত্র: টায়ার টু ব্যাকলিংক

প্রথমে আপনার মানি সাইটের জন্য গেস্ট পোস্টে একটি ব্যাকলিংক করা হয়েছে। এরপর ঐ ব্যাকলিংকটির যে পোস্ট তার পারমালিংক/লিংকটা পিবিএন সাইটের একটি পোস্টে পাবলিশ করা হয়েছে।

আর একটি গুরুত্বপূর্ণ বিষয় হল, আপনার পিবিএন সাইটগুলোতে মানি সাইটের পাশাপাশি ভাল ভাল হাই-অথোরিটি ওয়েবসাইটগুলোর কিছু লিংক অ্যাড করতে ভুলবেন না।

আপনার মানি সাইট র‍্যাঙ্কিং করানোর জন্য হাজার-হাজার লিংক বিল্ডিং করার প্রয়োজন নেই। সবসময় কোয়ালিটি লিংক বিল্ডিং এর কথা মাথায় রাখবেন, কোয়ানটিটি নয়!

**মনে রাখতে হবে : শুধুমাত্র PBN Link Building করে এবং Social Signal এর মাধ্যমে একটি মানি সাইট র‍্যাঙ্কিং করানো সম্ভব।**


পিবিএন তৈরিতে অনেক বড় একটি ইনভেস্ট লাগবে। আপনি যদি চান, কয়েক বছর পর যে পরিমান ইনভেস্ট করবেন তার থেকে কয়েকগুন বেশি দামে ওয়েব সাইটগুলো বিক্রি করে দিতে পারবেন। আবার ইচ্ছে করলে আপনার পিবিএন থেকে ব্যাকলিংক অন্যদের কাছে বিক্রিও করতে পারবেন।

# সেলফ চেক-১.১৬

## পিবিএন ব্যাকলিংক করা

**প্রশিক্ষনার্থীদের জন্য নির্দেশনাঃ-** উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখুন-

**সংক্ষিপ্ত প্রশ্ন-**



১. প্রশ্ন: পিবিএন - এর পূর্ণরুপ কী?

উত্তরঃ

২. প্রশ্ন: এক্সপায়ার্ড ডোমেইন খোজার জন্য জনপ্রিয় টুল কী কী ?

উত্তরঃ

# উত্তরপত্র-১.১৬

## পিবিএন ব্যাকলিংক করা



১. প্রশ্ন: পিবিএন - এর পূর্ণরুপ কী?

উত্তর: পিবিএন - এর পূর্ণরুপ হলো পারসোনাল ব্লগিং নেটওয়ার্ক।

২. প্রশ্ন: এক্সপায়ার্ড ডোমেইন খোজার জন্য জনপ্রিয় টুল কী কী ?

উত্তর: এক্সপায়ার্ড ডোমেইন খোজার জন্য জনপ্রিয় টুল ডমকম্প.কম এবং গোডাড্ডি অকশন।

# কর্মপত্র (Job Sheet) ১.১৬

## Job Name (কাজের নাম): পিবিএন ব্যাকলিংক করা

**পারসোনাল প্রটেক্টিভ ইকুইপমেন্ট :**



১) চশমা

২) অর্গানোমিক চেয়ার

৩) এপ্রোন

৪) বিদ্যুৎ নিরোধক জুতা

**যন্ত্রপাতি ও উপকরণ :**

১. ডেস্কটপ / ল্যাপটপ কম্পিউটার
২. ইন্টারনেট সংযোগ
৩. উইন্ডোজ, ইন্টারনেট ব্রাউজিংসহ প্রয়োজনীয় সফটওয়্যার
৪. স্ক্যানার ও প্রিন্টার
৫. ইউপিএসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) বিদ্যুৎ সংযোগ
৬. খাতা, কলম/পেন্সিল
৭. স্বাস্থ্যসম্মত কম্পিউটার টেবিল ও চেয়ার (Ergonomic furniture)

**এক্টিভিটি :**

১। এক্সপায়ার্ড ডোমেইন খুঁজে বের করা।
২। বিবিএন ব্যাকলিংক করা।

# উপকরণপত্র (Specification Sheet) ১.১৬



১. এক্সপায়ার্ড ডোমেইন খুজে বের করেন।
২. এক্সপায়ার্ড ডোমেইন ক্রয় করেন।
৩. ওয়েব সাইট তৈরি করে কন্টেন্ট পাবলিশ করেন ।
৪. লিংক বিল্ডিং করেন।

# শিখনফল (Learning Outcome): ১৭# লিংক এক্সচেঞ্জ ব্যাকলিংক করা

**বিষয়বস্তু (Contents) ঃ**

১. লিংক এক্সচেঞ্জ ব্যাকলিংক

**মূল্যায়ন মানদণ্ড (Assessment Criteria):**

১. লিংক এক্সচেঞ্জ ব্যাকলিংক করতে পারবে।

**শর্তাবলি (Conditions ) ঃ**

কাজের সময় শিক্ষার্থীকে অবশ্যই সরবরাহ করতে হবে:

১. পিপিই,

২. সরঞ্জাম ও উপকরণ,

৩. কম্পিউটার,

৪. যন্ত্রপাতি।

**শিক্ষা উপকরন (Learning Materials) ঃ**

১. বই, ম্যানুয়াল

২. মডিউল / রেফারেন্স

৩. কম্পিউটার

৪. ইন্টারনেট কানেকশন

# প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ঃ

## শিখনফল (Learning Outcome): লিংক এক্সচেঞ্জ ব্যাকলিংক করা

| শিখন কাজ (Learning Activities) | নির্দেশনা (Resources / Special instructions) |
|---|---|
| লিংক এক্সচেঞ্জ ব্যাকলিংক করা ।  | প্রত্যেক শিক্ষার্থীকে-<br>• লিংক এক্সচেঞ্জ ব্যাকলিংক সম্পর্কে ধারণা লাভ করার জন্য তথ্যপত্র (Information sheet) ১.১৭ পড়তে হবে।<br>• লিংক এক্সচেঞ্জ ব্যাকলিংক সম্পর্কে ধারণা লাভ করার জন্য স্ব-যাচাই (Self check) ১.১৭ সম্পাদন করতে হবে।<br>• লিংক এক্সচেঞ্জ ব্যাকলিংক করার দক্ষতা অর্জনের জন্য কর্মপত্র (Job sheet) ১.১৭ অনুশীলন করতে হবে। |

# তথ্যপত্র (Information Sheet) ১.১৭



**শিক্ষার উদ্দেশ্য (Learning Objective)** ঃ এই তথ্যপত্র পড়ার পর শিক্ষার্থীরা লিংক এক্সচেঞ্জ ব্যাকলিংক করা সম্পর্কে বিস্তারিত জানতে পারবে।

লিংক একচেঞ্জ হলো ২ জন ওবেসাইটের মালিকের মধ্যে মিউচুয়ালি একে অপরের সাইটে ব্যাকলিংক প্রদান করা। এক্ষেত্রে ২ জনের একই নিসের ওয়েবসাইট হতে হবে। এই ধরণের লিংক বিল্ডিং করা খুবই সহজ। প্রথমে আপনার নিসের ওয়েবসাইটগুলো খুঁজে বের করতে হবে এবং তাদেরকে লিংক একচেঞ্জের অফার দিতে হবে। লিংক একচেঞ্জের ক্ষেত্রে ২ জনেরই একাধিক ওয়েবসাইট থাকলে ভালো হয়। ২ জনেরই যখন ১ টি করে ওয়েবসাইট থাকে তখন লিংক একচেঞ্জ করলে সেটি রিসিপ্রোকাল লিংক হবে।

- **রিসিপ্রোকাল লিংক:**

রিসিপ্রোকাল লিংক হলো ২ জনের ২ টা ওয়েবসাইটে, একটি থেকে অন্যটাতে ব্যাকলিংক আদান প্রদান করা। যেমন- A ও B দুইটি ওয়েবসাইট। A থেকে ব্যাকলিংক দেয়া হলো B তে এবং B থেকে ব্যাকলিংক দেয়া হলো A তে।

একেই রিসিপ্রোকাল লিংক বলে। তবে রিসিপ্রোকাল লিংক করার সময় মাথায় রাখতে হবে খুব বেশি রিসিপ্রোকাল লিংক করা উচিৎ নয়।




চিত্র: একচেঞ্জ

# সেলফ চেক-১.১৭

## লিংক এক্সচেঞ্জ ব্যাকলিংক করা

**প্রশিক্ষনার্থীদের জন্য নির্দেশনা:-** উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখুন-

**সংক্ষিপ্ত প্রশ্ন-**



১. প্রশ্ন: লিংক একচেঞ্জ ব্যাকলিংক বলতে কী বোঝায়?

উত্তরঃ

২. প্রশ্ন: লিংক একচেঞ্জ ব্যাকলিংক বলতে কী?

উত্তর:

# উত্তরপত্র-১.১৭

## লিংক এক্সচেঞ্জ ব্যাকলিংক করা



১. প্রশ্ন: লিংক একচেঞ্জ ব্যাকলিংক বলতে কী বোঝায়?

উত্তরঃ লিংক একচেঞ্জ হলো দু জন ওবেসাইটের মালিকের মধ্যে মিউচুয়ালি একে অপরের সাইটে ব্যাকলিংক প্রদান করা।

২. প্রশ্ন: রিসিপ্রোকাল লিংক বলতে কী?

উত্তর: রিসিপ্রোকাল লিংক হলো ২ জনের ২ টা ওয়েবসাইটে, একটি থেকে অন্যটাতে ব্যাকলিংক আদান প্রদান করা। যেমন- A ও B দুইটি ওয়েবসাইট। A থেকে ব্যাকলিংক দেয়া হলো B তে এবং B থেকে ব্যাকলিংক দেয়া হলো A তে।

# কর্মপত্র (Job Sheet) ১.১৭

## Job Name (কাজের নাম): লিংক এক্সচেঞ্জ ব্যাকলিংক করা

**পারসোনাল প্রটেক্টিভ ইকুইপমেন্ট :**

১) চশমা

২) অর্গানোমিক চেয়ার

৩) এপ্রোন

৪) বিদ্যুৎ নিরোধক জুতা



**যন্ত্রপাতি ও উপকরণ :**

১. ডেস্কটপ / ল্যাপটপ কম্পিউটার
২. ইন্টারনেট সংযোগ
৩. উইন্ডোজ, ইন্টারনেট ব্রাউজিংসহ প্রয়োজনীয় সফটওয়্যার
৪. স্ক্যানার ও প্রিন্টার
৫. ইউপিএসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) বিদ্যুৎ সংযোগ
৬. খাতা, কলম/পেন্সিল
৭. স্বাস্থ্যসম্মত কম্পিউটার টেবিল ও চেয়ার (Ergonomic furniture)

**এক্টিভিটি :**

১। লিংক এক্সচেঞ্জ ব্যাকলিংক করা।

# উপকরণপত্র (Specification Sheet) ১.১৭



১. লিংক এক্সচেঞ্জ করার জন্য সাইট ওনারদের খুজে বের করেন।
২. তাদের ওফার পাঠান।
৩. লিংক এক্সচেঞ্জ ব্যাকলিংক করেন।

# শিখনফল (Learning Outcome)ঃ ১৮# .গভ এবং .এডু ব্যাকলিংক করা

**বিষয়বস্তু (Contents) ঃ**

১.   .গভ এবং .এডু ব্যাকলিংক

**মূল্যায়ন মানদণ্ড (Assessment Criteria)ঃ**

১.   .গভ এবং .এডু ব্যাকলিংক করতে পারবে।

**শর্তাবলি (Conditions ) ঃ**

কাজের সময় শিক্ষার্থীকে অবশ্যই সরবরাহ করতে হবেঃ

১.  পিপিই,

২. সরঞ্জাম ও উপকরণ,

৩. কম্পিউটার,

৪. যন্ত্রপাতি।

**শিক্ষা উপকরন (Learning Materials) ঃ**

১. বই, ম্যানুয়াল

২. মডিউল / রেফারেন্স

৩. কম্পিউটার

৪. ইন্টারনেট কানেকশন

# প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ঃ

## শিখনফল (Learning Outcome): .গভ এবং .এড়ু ব্যাকলিংক তৈরী করা

<table>
<tr><th>শিখন কাজ (Learning Activities)</th><th>নির্দেশনা (Resources / Special instructions)</th></tr>
<tr><td>.গভ এবং .এড়ু ব্যাকলিংক তৈরী করা<br></td><td>প্রত্যেক শিক্ষার্থীকে-<br>• .গভ এবং .এড়ু ব্যাকলিংক সম্পর্কে ধারণা লাভ করার জন্য তথ্যপত্র (Information sheet) ১.১৮ পড়তে হবে।<br>• .গভ এবং .এড়ু ব্যাকলিংক সম্পর্কে ধারণা লাভ করার জন্য স্ব-যাচাই (Self check) ১.১৮ সম্পাদন করতে হবে।<br>• .গভ এবং .এড়ু ব্যাকলিংক করার দক্ষতা অর্জনের জন্য কর্মপত্র (Job sheet) ১.১৮ অনুশীলন করতে হবে।</td></tr>
</table>

# তথ্যপত্র (Information Sheet) ১.১৮



**শিক্ষার উদ্দেশ্য (Learning Objective)** ঃ এই তথ্যপত্র পড়ার পর শিক্ষার্থীরা .গভ এবং .এডু ব্যাকলিংক করা সম্পর্কে বিস্তারিত জানতে পারবে।

একটি দেশের সবচেয়ে গুরুত্বপূর্ণ ওয়েবসাইট হলো ঐ দেশের গভর্নমেন্টের ওয়েবসাইট এবং এডুকেশনাল ওয়েবসাইট। এই সমস্ত ওয়েবসাইটগুলোকে গুগল সবচেয়ে বেশি প্রায়োরিটি দিয়ে থাকে। এই সমস্ত ওয়েবসাইট যে কেউ তৈরি করতে পারে না।

শুধুমাত্র ঐ দেশের মন্ত্রণালয়গুলো এবং শিক্ষাপ্রতিষ্ঠানগুলো ঐ ওয়েবসাইটগুলো তৈরি করে এবং রক্ষনাবেক্ষণ করে। যেহেতু এগুলো সবচেয়ে গুরুত্বপূর্ণ ওয়েবসাইট এবং গুগল সবচেয়ে বেশি প্রায়োরিটি দেয়। তাই এই ওয়েবাইটগুলোর এসইও করার প্রয়োজন হয় না। এই রিলেটেড কোনকিছু সার্চ দিলে গুগল প্রথমে .gov and .Edu ওয়েবসাইটগুলোর রেজাল্ট দেখায়। যার ফলে এই ব্যাকলিংকগুলো খুবই গুরুত্বপূর্ণ মনে করা হয়।

- **.gov ব্যাকলিংক কীভাবে তৈরি করা যায়?**

সাধারণত কোন দেশের সরকারি ওয়েবসাইটে সাধারণ মানুষের এক্সেস থাকে না। যাদের থাকে তারাও ইচ্ছে করলে একটি ব্যাকলিংক দিয়ে দিতে পারে না। তাহলে ব্যাকলিংক কীভাবে পাওয়া যায়?
উত্তর হলো- খুব সহজেই ব্যাকলিংক তৈরি করা যায়। আমরা এর আগে যেভাবে ব্লগ কমেন্ট, ফোরামের মাধ্যমে ব্যাকলিংক করেছি ঠিক ঐভাবেই ব্যাকলিংক করা যায়। সবচেয়ে কঠিন কাজ হচ্ছে ঐ সমস্ত ওয়েবসাইটগুলো খুঁজে বের করা।




চিত্রঃ .এডু, .গভ ব্যাকলিংক

গুগল অ্যাডভান্স সার্চের মাধ্যমে আমরা ওয়েবসাইটগুলো খুঁজে বের করতে পারি। এখানে কিছু অ্যাডভান্স সার্চ কোয়েরি দেয়া হলো-

- Site:.gov inurl: blog
- Site:.gov forums
- Site:.gov blog
- Site:.gov comments
- Site:.gov
- Site:.gov log in/create account

- **.edu ব্যাকলিংক কীভাবে তৈরি করা যায়?**

.edu ওয়েবসাইটগুলোও .gov এর মতই। এখানেও সাধারণ মানুষের এক্সেস থাকে না এবং অথোরিটিরকেও ইচ্ছে করলে একটি ব্যাকলিংক দিয়ে দিতে পারে না । আমরা এর আগে যেভাবে ব্লগ কমেন্ট, ফোরামের মাধ্যমে ব্যাকলিংক করেছি ঠিক ঐভাবেই ব্যাকলিংক করা যায়।

**Scholarship Program:**

.edu ব্যাকলিংকের সবচেয়ে জনপ্রিয় মাধ্যম হলো স্কলারশিপের মাধ্যমে ব্যাকলিংক নেয়া। অনেক ইউনিভার্সিটি আছে যেখানে আপনি স্কলারশিপ প্রদান করে ব্যাকলিংক পেতে পারেন। স্কলারশিপ এডুকেশনাল ওয়েবসাইট খুঁজে পাওয়ার জন্য নিচের সার্চ কোয়েরিগুলো ব্যবহার করতে পারেন:


- site:.edu “scholarships”
- site:.edu “college scholarships”
- site:.edu “scholarships links”
- site:.edu “scholarship list”
- site:.edu “list of scholarships”
- site:.edu “Outside Agency Scholarships”
- site:.edu “private Scholarships”
- site:.edu “keyword + scholarships”

# সেলফ চেক-১.১৮

## .গভ এবং .এডু ব্যাকলিংক তৈরী করা

**প্রশিক্ষনার্থীদের জন্য নির্দেশনা:-** উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখুন-

**সংক্ষিপ্ত প্রশ্ন-**



১. প্রশ্ন: গুগল এ্যাডভান্স সার্সের মাধ্যমে কিভাবে .গভ ব্লগ সাইট খুজে পাওয়া যায়?

উত্তরঃ

২. প্রশ্ন: .এডু ব্যাকলিংক পাওয়ার সহজ প্রক্রিয়া কী?

উত্তর:

# উত্তরপত্র-১.১৮



## .গভ এবং .এডু ব্যাকলিংক তৈরী করা

১. প্রশ্নঃ গুগল এ্যাডভান্স সার্সের মাধ্যমে কিভাবে .গভ ব্লগ সাইট খুজে পাওয়া যায়?

উত্তরঃ গুগলে Site:.gov inurl: blog লিখে সার্স দিলে .গভ ব্লগ সাইট খুজে পাওয়া যায়।

২. প্রশ্নঃ .এডু ব্যাকলিংক পাওয়ার সহজ প্রক্রিয়া কী?

উত্তরঃ .edu ব্যাকলিংকের পাওয়ার সবচেয়ে সহজ প্রক্রিয়া হলো স্কলারশিপের মাধ্যমে ব্যাকলিংক নেয়া।

# কর্মপত্র (Job Sheet) ১.১৮

## Job Name (কাজের নাম): .গভ এবং .এডু ব্যাকলিংক তৈরী করণ

**পারসোনাল প্রটেক্টিভ ইকুইপমেন্ট :**



১) চশমা

২) অর্গানোমিক চেয়ার

৩) এপ্রোন

৪) বিদ্যুৎ নিরোধক জুতা

**যন্ত্রপাতি ও উপকরণ :**

১. ডেস্কটপ / ল্যাপটপ কম্পিউটার
২. ইন্টারনেট সংযোগ
৩. উইন্ডোজ, ইন্টারনেট ব্রাউজিংসহ প্রয়োজনীয় সফটওয়্যার
৪. স্ক্যানার ও প্রিন্টার
৫. ইউপিএসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) বিদ্যুৎ সংযোগ
৬. খাতা, কলম/পেন্সিল
৭. স্বাস্থ্যসম্মত কম্পিউটার টেবিল ও চেয়ার (Ergonomic furniture)

**এক্টিভিটি :**

১। .এডু ব্যাকলিংক করা।
২। .গভ ব্যাকলিংক করা।

# উপকরণপত্র (Specification Sheet) ১.১৮



১. .গভ ওয়েভসাইট খুজে বের করেন।
২. .এডু ওয়েভসাইট খুজে বের করেন।
৩. স্কলারশিপ ব্যাকলিংক ওয়েবসাইট খুজেবের করেন।

# শিখনফল (Learning Outcome): ১৯# ব্রোকেন লিংক তৈরী করা

**বিষয়বস্তু (Contents) ঃ**

১. ব্রোকেন লিংক তৈরী

**মূল্যায়ন মানদণ্ড (Assessment Criteria):**

১. ব্রোকেন লিংক তৈরী করতে পারবে।

**শর্তাবলি (Conditions ) ঃ**

কাজের সময় শিক্ষার্থীকে অবশ্যই সরবরাহ করতে হবে:

১. পিপিই,

২. সরঞ্জাম ও উপকরণ,

৩. কম্পিউটার,

৪. যন্ত্রপাতি।

**শিক্ষা উপকরন (Learning Materials) ঃ**

১. বই, ম্যানুয়াল

২. মডিউল / রেফারেন্স

৩. কম্পিউটার

৪. ইন্টারনেট কানেকশন

# প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ঃ

## শিখনফল (Learning Outcome): ব্রোকেন লিংক তৈরী করা

| শিখন কাজ (Learning Activities) | নির্দেশনা (Resources / Special instructions) |
|---|---|
| ব্রোকেন লিংক তৈরী করা  | প্রত্যেক শিক্ষার্থীকে-<br>• ব্রোকেন লিংক তৈরী করা সম্পর্কে ধারণা লাভ করার জন্য তথ্যপত্র (Information sheet) ১.১৯ পড়তে হবে।<br>• ব্রোকেন লিংক তৈরী করা সম্পর্কে ধারণা লাভ করার জন্য স্ব-যাচাই (Self check) ১.১৯ সম্পাদন করতে হবে।<br>• ব্রোকেন লিংক তৈরী করার দক্ষতা অর্জনের জন্য কর্মপত্র (Job sheet) ১.১৯ অনুশীলন করতে হবে। |

# তথ্যপত্র (Information Sheet) ১.১৯



**শিক্ষার উদ্দেশ্য (Learning Objective)** ঃ এই তথ্যপত্র পড়ার পর শিক্ষার্থীরা ব্রোকেন লিংক তৈরী করা সম্পর্কে বিস্তারিত জানতে পারবে।

বলা হয়ে থাকে, ব্রোকেন লিংক হচ্ছে ব্যাকলিংক এর বাইবেল। ধরা যাক, আপনার একটি হেলথ রিলেটেড সাইট আছে। সাইটটির নাম, abc.com। আপনি সাইটের জন্য কন্টেন্ট লিখলেন এবং কন্টেন্ট এ এক্সটারনাল লিংক হিসেবে টপিকস অন্য কোন সাইটের ১বা ২ টি লিংক এড করলেন। কিন্তু কয়েকমাস পর ঐ সাইটটি Inactive হয়ে গেল (অথবা সাইট তার লিংকটি চেঞ্জ করে ফেললে)। তখন কোন ভিজিটর যখন আপনার সাইট থেকে ঐ সাইটে যাওয়ার চেষ্টা করবে, লিংকটি 404 ERROR দেখাবে। আর এটাকেই বলে ব্রোকেন লিংক (ডেড লিংক)।

**কোন সাইটের এক্সটার্নাল লিংকগুলোর মধ্যে যে সকল লিংক 404 ERROR দেখায়, তাদের কে ব্রোকেন লিঙ্ক বা ডেড লিংক হিসেবে অভিহিত করা হয়।**

- **ব্রোকেন লিংক খুঁজে বের করার পদ্ধতি:**

প্রথমে বলে নিই, ব্রোকেন লিংক খুঁজে বের করার জন্য কিছু extensions বা টুলস রয়েছে। যেমন; Broken link checker, Check My Link ইত্যাদি। কারণ এটি শুধু ব্রোকেন লিংক এর সংখ্যা বলেই দেয় না, শনাক্তও করে দেয়।

প্রথমে যে সাইটে ব্যাক লিংক করতে চাচ্ছেন, ঐ সাইটের টার্গেট পেইজ এ যাবেন। তারপর extension active (click) করলেই ব্রোকেন লিংক থাকলে খুঁজে পাবেন।



চিত্র: ব্রাকেন লিংক

যদি ব্রোকেন লিংক পান সেই লিংক এবং আপনার সাইট এর লিংক (যে লিংকটির জন্য ব্যাকলিংক চাইবেন) সাইট owner (স্বত্ত্বাধিকারী) কে মেইল করবেন। অবশ্যই ডিটেইলস উল্লেখ করবেন।
সাইট owner কেন আপনার সাইটটি গ্রহন করবেন?

গ্রহন করবেন মূলত ২টি কারণে;

(ক) এতে তার কোন ক্ষতি হবে না; বরং উপকার হবে। কারণ একটি সাইট এ death link থাকা মানে গুগুলের নিকট সাইটের রেপুটেশন খারাপ হওয়া।
(খ) কৃতজ্ঞতা প্রকাশ। আপনি শ্রম আর সময় দিয়ে তার সাইটের কাজ করেছেন, এর বিনিময়ে আপনার লিঙ্ক গ্রহন করার সম্ভাবনাই বেশি।

- **ব্রোকেন লিংক বিল্ডিংয়ের গুরুত্ব:**


এই লিংক এর গুরুত্ব অন্যান্য লিংক এর তুলনায় কম নয়, বরং একটু বেশি। আপনি কোন সাইটের ব্রোকেন লিংক বের করবেন? অবশ্যই আপনার নিশ রিলেটেড যে সকল সাইট সার্চ ইঞ্জিন ফাস্ট পেইজ এ অবস্থান করবে। আর এ সকল সাইটে প্রতিনিয়ত সহস্রাধিক ভিজিটর হয়ে থাকে। একবার ভাবুন যদি ঐ সকল সাইটের ব্যাকলিংক পেয়ে যান, তো আপনার সাইট এর ভিজিটর কেমন হবে!
শুধু তাই নয়, আপনি চেষ্টা করলে Wikipedia কিংবা wikihow এর মতো সাইটেও এ লিংক বিল্ড আপ করতে পারেন। তবে এখানে লিংক পেতে হলে আপনাকে অত্যন্ত দক্ষতার পরিচয় দিতে হবে।

# সেলফ চেক-১.১৯

## ব্রোকেন লিংক তৈরী করা

**প্রশিক্ষনার্থীদের জন্য নির্দেশনা:-** উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখুন-

**সংক্ষিপ্ত প্রশ্ন-**



১. প্রশ্নঃ Broken Link কী?

উত্তরঃ

২. প্রশ্নঃ ব্রোকেন লিংক খুঁজে বের করার পদ্ধতি কী?

উত্তরঃ

# উত্তরপত্র-১.১৯



## ব্রোকেন লিংক তৈরী করা

১. প্রশ্ন: Broken Link কী?

উত্তরঃ এক্সটারনাল লিংক হিসেবে অন্য কোন সাইটের লিংক যখন কোন ওয়েবসাইটে অ্যাড করা হয় এবং কোন কারণে ঐ লিংকটি ইনএকটিভ হয়ে যায় (অথবা সাইটের মালিক লিংকটি চেঞ্জ করে ফেলে) তখন কোন ভিজিটর ঐ এক্সটারনাল লিংকে ক্লিক করলে, লিংক টি 404 ERROR দেখাবে। আর এটাকেই বলে ব্রোকেন লিংক (ডেড লিংক)।

২. প্রশ্ন: ব্রোকেন লিংক খুঁজে বের করার পদ্ধতি কী?

উত্তর: ব্রোকেন লিংক খুঁজে বের করার জন্য গুগল ক্রোম ব্রাওজারের কিছু extensions বা টুলস রয়েছে। যেমন; Broken link checker, Check My Link ইত্যাদি।

# কর্মপত্র (Job Sheet) ১.১৯

## Job Name (কাজের নাম): ব্রোকেন লিংক তৈরী করণ

**পারসোনাল প্রটেক্টিভ ইকুইপমেন্ট :**

১) চশমা

২) অর্গানোমিক চেয়ার

৩) এপ্রোন

৪) বিদ্যুৎ নিরোধক জুতা




**যন্ত্রপাতি ও উপকরণ :**

১. ডেস্কটপ / ল্যাপটপ কম্পিউটার
২. ইন্টারনেট সংযোগ
৩. উইন্ডোজ, ইন্টারনেট ব্রাউজিংসহ প্রয়োজনীয় সফটওয়্যার
৪. স্ক্যানার ও প্রিন্টার
৫. ইউপিএসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) বিদ্যুৎ সংযোগ
৬. খাতা, কলম/পেন্সিল
৭. স্বাস্থ্যসম্মত কম্পিউটার টেবিল ও চেয়ার (Ergonomic furniture)

**এক্টিভিটি :**


**১। Google Chorme Browser এ Broken Link Checker Extension যুক্ত করা:**

ধাপ-১: প্রথমে Google Chorme Browser ওপেন করতে হবে এবং www.google.com যেতে হবে।
ধাপ-২: Search Box এ Broken Link Checker Extension লেখতে হবে এবং Google Search এ ক্লিক করতে হবে।





চিত্র: গুগল সার্চ

ধাপ-৩: এরপর প্রথমে যে সার্চ রেজাল্ট এসেছে সেটাতে ক্লিক করতে হবে।




চিত্র: গুগল সার্চ

ধাপ-৪: এরপর Add to Chorme এ ক্লিক করতে হবে।




চিত্র: গুগল ক্রোম এক্সটেনশন

কিছুক্ষণ অপেক্ষা করলে Google Chorme Browser এ Broken Link Checker Extension যুক্ত হয়ে যাবে।

# উপকরণপত্র (Specification Sheet) ১.১৯



১. Google Chorme Browser এ Broken Link Checker Extension যুক্ত করেন।
২. ব্রোকেন লিংক খুজে বের করেন।
৩. সাইট ওনারকে ব্রোকেন লিংক বিলিং - এর প্রস্তাব পাঠান।

## শিখনফল (Learning Outcome)ঃ ২০# ডোনেশন সাইট থেকে ব্যাকলিংক ব্যাখ্যা করা

**বিষয়বস্তু (Contents) ঃ**

১. ডোনেশন সাইট থেকে ব্যাকলিংক

**মূল্যায়ন মানদণ্ড (Assessment Criteria)ঃ**

১. ডোনেশন সাইট থেকে ব্যাকলিংক করতে পারবে।

**শর্তাবলি (Conditions ) ঃ**

কাজের সময় শিক্ষার্থীকে অবশ্যই সরবরাহ করতে হবেঃ

১. পিপিই,

২. সরঞ্জাম ও উপকরণ,

৩. কম্পিউটার,

৪. যন্ত্রপাতি।

**শিক্ষা উপকরন (Learning Materials) ঃ**

১. বই, ম্যানুয়াল

২. মডিউল / রেফারেন্স

৩. কম্পিউটার

৪. ইন্টারনেট কানেকশন

# প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ঃ

## শিখনফল (Learning Outcome): ডোনেশন সাইট থেকে ব্যাকলিংক ব্যাখ্যা করা

| শিখন কাজ (Learning Activities) | নির্দেশনা (Resources / Special instructions) |
|---|---|
| ডোনেশন সাইট থেকে ব্যাকলিংক ব্যাখ্যা করা  | প্রত্যেক শিক্ষার্থীকে-<br>● ডোনেশন সাইট থেকে ব্যাকলিংক করা সম্পর্কে ধারণা লাভ করার জন্য তথ্যপত্র (Information sheet) ১.২০ পড়তে হবে।<br>● ডোনেশন সাইট থেকে ব্যাকলিংক ব্যাখ্যা করা সম্পর্কে ধারণা লাভ করার জন্য স্ব-যাচাই (Self check) ১.২০ সম্পাদন করতে হবে।<br>● ডোনেশন সাইট থেকে ব্যাকলিংক করার দক্ষতা অর্জনের জন্য কর্মপত্র (Job sheet) ১.২০ অনুশীলন করতে হবে। |

# তথ্যপত্র (Information Sheet) ১.২০



**শিক্ষার উদ্দেশ্য (Learning Objective)** ঃ এই তথ্যপত্র পড়ার পর শিক্ষার্থী ডোনেশন সাইট থেকে ব্যাকলিংক ব্যাখ্যা করা সম্পর্কে বিস্তারিত জানতে পারবে।

পৃথিবীতে অনেক চ্যারিটি বা ননপ্রফিট অরগানাইজেশন রয়েছে। এদের ওয়েবসাইট আছে যেগুলোর পেজ অথোরিটিও অনেক ভালো। এই সমস্ত প্রতিষ্ঠানে ডোনেট করার মাধ্যমে আপনার ওয়েবসাইটের লিংকটি তাদের ওয়েবসাইটে লিস্টিং করে রাখতে পারেন। যার ফলে আপনি একটি হাই-কোয়ালিটি ব্যাকলিংক পেতে পারেন।

প্রথমে ডোনেট করার মাধ্যমে ব্যাকলিংক দেয় এমন ওয়েবসাইট খুঁজে বের করতে হবে। এজন্য গুগলের অ্যাডভান্স সার্চ কোয়েরিগুলো ব্যবহার করতে পারেন। যেমন-


- “Donation list” + “contributors”
- “Contributors page” + “donate”

# সেলফ চেক-১.২০

## ডোনেশন সাইট থেকে ব্যাকলিংক ব্যাখ্যা করা

**প্রশিক্ষনার্থীদের জন্য নির্দেশনাঃ-** উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখুন-

**সংক্ষিপ্ত প্রশ্ন-**



১. প্রশ্নঃ Donation Backlink কী?

উত্তরঃ

# উত্তরপত্র-১.২০

## ডোনেশন সাইট থেকে ব্যাকলিংক ব্যাখ্যা করা



১. প্রশ্ন: Donation Backlink কী?

উত্তরঃ নন-প্রফিট অরগানাইজেশন আছে যারা তাদের প্রতিষ্ঠানে ডোনেট করার মাধ্যমে ওয়েবসাইটের লিংকটি তাদের ওয়েবসাইটে লিস্টিং করে রাখে। যার ফলে একটি হাই-কোয়ালিটি ব্যাকলিংক পাওয়া যায়। এই লিংককে ডোনেশন ব্যাকলিংক বলে।

# কর্মপত্র (Job Sheet) ১.২০

## **Job Name (কাজের নাম):** ডোনেশন সাইট থেকে ব্যাকলিংক ব্যাখ্যা করণ

**পারসোনাল প্রটেক্টিভ ইকুইপমেন্ট :**

১) চশমা

২) অর্গানোমিক চেয়ার

৩) এপ্রোন

৪) বিদ্যুৎ নিরোধক জুতা



**যন্ত্রপাতি ও উপকরণ :**

১. ডেস্কটপ / ল্যাপটপ কম্পিউটার
২. ইন্টারনেট সংযোগ
৩. উইন্ডোজ, ইন্টারনেট ব্রাউজিংসহ প্রয়োজনীয় সফটওয়্যার
৪. স্ক্যানার ও প্রিন্টার
৫. ইউপিএসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) বিদ্যুৎ সংযোগ
৬. খাতা, কলম/পেন্সিল
৭. স্বাস্থ্যসম্মত কম্পিউটার টেবিল ও চেয়ার (Ergonomic furniture)

**এক্টিভিটি :**

১। ডোনেশন ব্যাকলিংক তৈরী করা।

# উপকরণপত্র (Specification Sheet) ১.২০



১। ডোনেশন গ্রহন করে এমন ওয়েবসাইট খুজে বের করেন।
২। ডোনেট করার মাধ্যমে ব্যাকলিক করেন।

# শিখনফল (Learning Outcome)ঃ ২১# সোস্যাল প্রোফাইল তৈরী করা

**বিষয়বস্তু (Contents) ঃ**

১. সোস্যাল প্রোফাইল তৈরী করা

**মূল্যায়ন মানদণ্ড (Assessment Criteria):**

১. ফেসবুক পেজ তৈরী পারবে।
২. টুইটার প্রোফাইল তৈরী পারবে।
৩. পিন্টারেস্ট প্রোফাইল তৈরী পারবে।
৪. ইন্সটাগ্রাম প্রোফাইল তৈরী পারবে।

**শর্তাবলি (Conditions ) ঃ**

কাজের সময় শিক্ষার্থীকে অবশ্যই সরবরাহ করতে হবেঃ

১. পিপিই,

২. সরঞ্জাম ও উপকরণ,

৩. কম্পিউটার,

৪. যন্ত্রপাতি।

**শিক্ষা উপকরন (Learning Materials) ঃ**

১. বই, ম্যানুয়াল

২. মডিউল / রেফারেন্স

৩. কম্পিউটার

৪. ইন্টারনেট কানেকশন

# প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ঃ

## শিখনফল (Learning Outcome): সোস্যাল প্রোফাইল তৈরী করা

| শিখন কাজ (Learning Activities) | নির্দেশনা (Resources / Special instructions) |
|---|---|
| সোসাল প্রোফাইল তৈরী করা  | প্রত্যেক শিক্ষার্থীকে-<br>• সোসাল প্রোফাইল তৈরী করা সম্পর্কে ধারণা লাভ করার জন্য তথ্যপত্র (Information sheet) ১.২১ পড়তে হবে।<br>• সোসাল প্রোফাইল তৈরী করা সম্পর্কে ধারণা লাভ করার জন্য স্ব-যাচাই (Self check) ১.২১ সম্পাদন করতে হবে।<br>• সোসাল প্রোফাইল তৈরী করার দক্ষতা অর্জনের জন্য কর্মপত্র (Job sheet) ১.২১ অনুশীলন করতে হবে। |

# তথ্যপত্র (Information Sheet) ১.২১



**শিক্ষার উদ্দেশ্য (Learning Objective)** ঃ এই তথ্যপত্র পড়ার পর শিক্ষার্থীরা সোস্যাল প্রোফাইল তৈরী করা সম্পর্কে বিস্তারিত জানতে পারবে।

এসইওতে সোস্যাল মিডিয়া বর্তমানে অনেক প্রভাব ফেলছে। আমরা যখন একটি আর্টিকেল পাবলিশ করি তখন গুগল বা অন্যান্য সার্চ ইঞ্জিনগুলো সেই আর্টিকেলের সোস্যাল মিডিয়াতে এনগেজমেন্ট কেমন তা দেখে। অনেক সময় গুগলে র‌্যাংকিং-এ সোস্যাল মিডিয়া এনগেজমেন্ট প্রভাব ফেলে । বর্তমানে অনেক আর্টিকেল গুগলে ইনডেক্স হতে চাচ্ছে না বা ইনডেক্স হতে অনেক সময় নিচ্ছে। এই আর্টিকেলগুলো সঠিকভাবে সোস্যাল মিডিয়ায় শেয়ার করলে খুব দ্রুত ইনডেক্স হবে। তাই সোস্যাল প্রোফাইলগুলো সঠিকভাবে তৈরি করতে হবে এবং কন্টেন্টগুলো শেয়ার দিতে হবে।


সোস্যাল মিডিয়া মার্কেটিং করতে হলে আমাদেরকে সোস্যাল প্রোফাইলগুলো প্রথমে তৈরি করে নিতে হবে এবং সেগুলো সঠিকভাবে অপটিমাইজ করে নিতে হবে। সবচেয়ে জনপ্রিয় যে সোস্যাল মিডিয়া আছে যেমন- ফেসবুক, টুইটার, পিন্টারেস্ট, ইন্সটাগ্রাম এগুলোতে ওয়েবসাইটের নামে প্রোফাইল তৈরি করতে হবে। সোস্যাল প্রোফাইলগুলোর কাস্টম ইউআরএলগুলো সব একই রাখার চেষ্টা করতে হবে।

## Facebook Page Creation

বর্তমানে সবচেয়ে জনপ্রিয় সোস্যাল মিডিয়া ফেসবুক। এখানে একটি বিজনেজ পেজ / ফ্যানপেজ থাকা একটি ব্রান্ডের জন্য খুবই গুরুত্বপূর্ণ।

**ফেসবুক ফ্যানপেজ কী ?**

ফেসবুক পেজ আপনার পার্সোনাল প্রোফাইলের সঙ্গে অ্যাটাচ থাকে, যার ফলে ফেসবুক জানতে পারবে এই পেজের মালিক আপনি। কিন্তু এটা আপনার পার্সোনাল ফেসবুক একাউন্ট থেকে পুরোপুরি আলাদা। আপনি এই ফেসবুক পেজ থেকে নিজের ব্র্যান্ড কে প্রমোট করতে পারেন। ফেসবুক এই বৃহৎ জনসংখ্যার কাছে আপনার ব্র্যান্ডকে প্রচার করার জন্য এই বিজনেস পেজ সৃষ্টি করেছে। এখানে এমন অনেক ফিচার আছে যার সাহায্যে আপনার পেজকে আরও গ্রো করতে হেল্প করে। যেমন-analytics, advertising, post scheduling.




চিত্রঃ ফেসবুক পেজ


**ফেসবুক পেজ যেভাবে তৈরি করবেন:**

ফেসবুকের হোমপেজের বামদিকে মেনুর মত একটি লিস্ট পাবেন। সেখানে Pages লেখা একটি মেনুতে ক্লিক করলে আপনার পেজগুলো দেখাবে।




চিত্র: ফেসবুক পেজ

যদি আগের থেকে কোন পেজ তৈরি করা না থাকে তাহলে নতুন পেজ তৈরি করার জন্য Create New Page এ ক্লিক করতে হবে। এরপর নতুন পেজ তৈরি করার জন্য যা যা লাগবে সেই তথ্যগুলো চাইবে।




চিত্র: ফেসবুক পেজ তৈরি

এবার আপনি নতুন পেজে চলে আসবেন যেখানে আপনার পেজ সম্পর্কে যাবতীয় তথ্য দিতে হবে। প্রথমে সেকশনে আপনার পেজের নাম দিন (বাংলা বা ইংরেজিতে দিতে পারেন)। দ্বিতীয় সেকশনে আপনার পেজ কোন ক্যাটাগরিতে সেগুলো সিলেক্ট করুন। তৃতীয় সেকশনে আপনার পেজ সম্পর্কে একটি Short Description দিন ২-৩ লাইনের মধ্যে। তারপর create page এ ক্লিক করুন।
এবার আপনার পেজের প্রোফাইল ফটো এবং কভার ফটো দিয়ে সেভ করুন। কোম্পানি বা ওয়েবসাইটের ক্ষেত্রে প্রোফাইল পিকচারে লোগো ব্যবহার করতে হবে। কভার ফটোর অবশ্যই প্রোফেশনাল হতে হবে। হোমপেজ থেকে বামদিকে নিচে স্ক্রল করলে edit page info অপসন আসবে। এখানে ক্লিক করে পেজের যাবতীয় ইনফরমেশন যুক্ত করার অপশন পাওয়া যাবে।
এরপর invite অপশনে গিয়ে ফ্রেন্ডস, ফ্যামিলি পরিচিতিদের সঙ্গে নিজের পেজটি শেয়ার করলে, তারা পেজে লাইক দেয়ার অপশন পাবে এবং ভবিষ্যতে যত কন্টেন্ট শেয়ার করবেন তা তারা দেখতে পাবে।


# Twitter Profile Creation

অনেক দেশেই ফেসবুকের থেকেও টুইটার বেশি জনপ্রিয়। আমাদের দেশে টুইটারের জনপ্রিয়তা ফেসবুকের থেকে কম। এসইও এবং ট্রাফিকের জন্য টুইটার খুবই গুরুত্বপূর্ণ। টুইটার জনপ্রিয় ওয়েবসাইট এবং এর ইউজার সংখ্যা সারা বিশ্বে কয়েক কোটি। ফেসবুকের মতো টুইটারও মোবাইল ও কম্পিউটারে ব্যবহার করা যায়।

টুইটারের পোস্টকে টুইট বলে। একটি টুইট ২৮০ টি ক্যারেক্টারস এর মধ্যে লিখতে হয়। আর টুইটারের প্রধান বৈশিষ্ট্য হলো নিজের কথা কম শব্দে প্রকাশ করতে হয়। এছাড়া এখানে ছবি, ভিডিও, অডিও ইত্যাদি শেয়ার করা যায় ফেবুকের মতো।

**টুইটার প্রোফাইল খোলার নিয়ম:**


প্রথমে পিসি বা মোবাইলে যেকোন ওয়েব ব্রাউজার ওপেন করে twitter.com লিখে সার্চ করুন। এরপর টুইটার ওয়েবসাইট একাউন্ট তৈরির জন্য 'sign up' এ ক্লিক করুন। sign up হলো একাউন্ট তৈরির জন্য রেজিস্ট্রেশন করা।




চিত্র: টুইটার সাইন আপ

sign up করলে প্রথমেই নাম ও কন্টাক্ট ইনফরমেশন দিতে হবে। প্রথম কলমে 'Name' এ নিজের পুরো নাম লিখুন এবং দ্বিতীয় কলমে 'phone' এ নিজের মোবাইল নম্বর দিন।

আর ফোন নম্বর দিতে না চাইলে ই-মেইল সিলেক্ট করে ই-মেইল এড্রেস লিখুন। তারপর next এ ক্লিক করুন।




চিত্র: টুইটার সাইন আপ

নেক্সট এ ক্লিক করলে একটি মিনি উইন্ডো আসবে, যেখানে টুইটার আপনার ডাটা সংগ্রহ করবে এবং পারমিশন চাইবে, যার ফলে টুইটার আপনাকে সেই কনটেন্ট সাজেস্ট করবে যা আপনি পছন্দ করেন। আর আপনি যদি না চান টুইটার আপনাকে ট্র্যাক করুক তাহলে চেক বক্সে টিক মার্ক দেওয়া আছে ওখানে ক্লিক করে টিক মুক্ত করুন।
সাইন আপ করার পর আপনার মেইলে বা মোবাইল ফোনে ভেরিফিকেশন কোড পাঠাবে। এই কোড দিয়ে একাউন্ট ভেরিফাই করে নিন। আপনার প্রোফাইল প্রস্তুত।

**টুইটার প্রোফাইল অপটিমাইজেশন:**

- **বায়োগ্রাফি:**

আপনার অ্যাকাউন্ট সাইন-আপ এবং ভেরিফিকেশন হয়ে গেলে প্রথম কাজ হলো আপনার টুইটারের বায়োগ্রাফি লিখে ফেলা। টুইটারে ১৬০ ক্যারেক্টারের মধ্যে নিজেকে উপস্থাপন করতে হবে। তাই অযাচিত কিছু লিখে বায়োগ্রাফি ফিল-আপ করবেন না। কারণ, যে কেউ আপনাকে ফলো করতে এসে প্রথমে আপনার বায়োগ্রাফি দেখেই ডিসাইড করবে আপনাকে ফলো করবে কিনা।
টুইটার বায়োগ্রাফি আপডেট করতে টুইটারের উপরের নেভিগেশন প্যানেলের সার্চ বক্সের পাশের আইকনে ক্লিক করে "Settings" সেটিং সিলেক্ট করুন। এবার বাম দিকের সাইডবার থেকে "Profile" এ ক্লিক করুন।
ডান দিকে থেকে আপনার বায়োগ্রাফি bio বক্সে লিখুন। প্রোফাইলে বায়োগ্রাফি লিখতে নিচের বিষয়গুলো লক্ষ্য রাখুন-
১. এমন কিছু লিখুন যা দেখা মাত্র যে কেউ আকর্ষিত হবে। একটি ক্রিয়েটিভ প্রোফাইল বায়োগ্রাফি একটি নন-ক্রিয়েটিভ প্রোফাইল বায়োগ্রাফি থেকে ৮/১০ গুণ বেশি ফলোয়ার পেতে পারে। টুইটারে শুধুমাত্র একটি স্ট্যান্ডার্ড এবং ক্রিয়েটিভ বায়োগ্রাফি থাকা ফলোয়ার পাবার প্রধান উপাদান। আপনি বায়োগ্রাফিতে যাই লিখুন না কেন তা পরবর্তীতে পরিবর্তন করে নিতে পারবেন যেকোন সময়।
২. আপনি কে, কী করেন তা শেয়ার করুন। আপনার ওয়েবসাইটের বা ব্যবসায়ের প্রোফাইল হলে তার সার্ভিস সম্পর্কে লিখুন।
৩. টুইটারের বায়োগ্রাফি সার্চঅ্যাবল। টুইটার প্রোফাইলে আপনার অভিজ্ঞতা অনুযায়ী কীওয়ার্ড রাখুন যাতে যে কেউ আপনাকে খুঁজে পায়। যেমন: ফ্রীলান্সার, ওয়েব ডেভেলপার, ব্লগার ইত্যাদি।
৪. কীভাবে বায়োগ্রাফি লিখবেন ভেবে পাচ্ছেন না? টুইটারের সার্চ বক্সে কীওয়ার্ড দিয়ে বায়োগ্রাফি সার্চ করুন। তবে সাবধান! অন্যের বায়োগ্রাফি কপি করে চালিয়ে দিবেন না। অন্যের বায়োগ্রাফি থেকে আইডিয়া নিন অথবা তাদের স্টাইল ফলো করে নিজের মতো করে বায়োগ্রাফি লিখুন।
৫. আপনার পারসোনালিটি ফুটিয়ে তুলুন। বিচক্ষণতা এবং দক্ষতার পরিচয় দিন।
৬. আপনার কাজের ধরন, বায়ার বা আপনার ব্যবসায় যদি পরিবর্তন হয়ে যায় তবে একই সাথে আপনার টুইটার প্রোফাইল বায়োগ্রাফিও পরিবর্তন হওয়া উচিৎ।

- **ওয়েবসাইট লিংক:**

বায়োগ্রাফির সাথে টুইটার প্রোফাইলে আপনার ওয়েবসাইট লিঙ্ক শেয়ার করার সুযোগ আছে। বেশির ভাগ ফ্রীল্যান্সাররা তাদের ব্যবসায়িক সাইটের লিঙ্ক শেয়ার করে থাকে। এতে বায়ার বা ফলোয়াররা আপনার সার্ভিস সরাসরি কিনবার সুযোগ পাবে। ব্যবসায়িক লিঙ্ক ছাড়াও আপনার ব্লগের লিঙ্ক শেয়ার করতে পারেন যাতে কোন ফলোয়ার আপনার সাথে সবসময় কানেক্টেড থাকতে পারেন। আপনার এমন কোন ল্যান্ডিং পেজ যেখানে আপনার সব সার্ভিসের তথ্য আছে অথবা আপনার অন্যান্য সোশ্যাল মিডিয়া প্রোফাইলের লিঙ্ক যাতে কোন টুইটার বাদেও সেখানে আপনার সাথে যোগাযোগ স্থাপন করতে পারে।

- **ইমেজ:**

টুইটার আপনাকে দুই ধরণের ইমেজ প্রোফাইলে আপলোড করার সুবিধা দেয়। একটি প্রোফাইল ইমেজ অপরটি হেডার ইমেজ। আপনার টুইটার প্রোফাইল ইমেজ এবং হেডার ইমেজ সেটিং পেজের Profile সেকশন থেকে পরিবর্তন করতে পারবেন।

- **প্রোফাইল পিকচার:**

আপনার টুইটারে আপলোড করা প্রোফাইল ইমেজটি টুইটারে সবচেয়ে গুরুত্বপূর্ণ ইমেজ। ফলোয়ারের ক্ষেত্রে প্রোফাইল ইমেজ গুরুত্বপূর্ণ। আপনার প্রোফাইল ইমেজটির সাইজ হবে 400x400 পিক্সেল। সবশেষে, টুইটার দিয়ে ব্যবসা করতে আপনার প্রোফাইল ইমেজ ক্লিয়ার এবং অবশ্যই প্রাণবন্ত হতে হবে!

- **হেডার ইমেজঃ**

হেডার ইমেজ দিয়ে নিজের পারসোনালিটি এবং ব্র্যান্ডিংকে খুব সহজেই ফোকাস করা যায়। খুব ভাল হয় আপনার হেডার ইমেজটি ইউনিক হলে। নিজে অথবা অন্য কাউকে দিয়ে 1500X500 পিক্সেলের একটি হেডার ইমেজ ডিজাইন করিয়ে নিতে পারলে ভাল হয়।

## Pinterest Profile Creation

চিত্রঃ পিন্টারেস্ট

পিন্টারেস্ট ফেসবুক এর মতো একটি সোশ্যাল মিডিয়া ওয়েবসাইট। কিন্তু এটি ফেসবুক থেকে আলাদা। পিন্টারেস্ট এ শুধু ছবি দেখা ও শেয়ার করা যায়। পিন্টারেস্ট ২০১০ শুরু করেছিল। বর্তমানে ছবি শেয়ার করার বড় একটি প্লাটফর্ম হয়ে উঠেছে। তাই একটি পিন্টারেস্ট একাউন্ট তৈরি করে নেয়া ভালো।


**পিন্টারেস্ট এ একাউন্ট কীভাবে তৈরি করবেন ?**

পিন্টারেস্ট এ একাউন্ট তৈরি করা খুব সহজ। পিন্টারেস্ট এ একাউন্ট তৈরির কৌশল-

১. পিন্টারেস্ট এ একাউন্ট খুলতে প্রথমে Pinterest.Com ওয়েবসাইটে প্রবেশ করুন।
২. পিন্টারেস্ট ওয়েবসাইটে প্রবেশ করার পরে SignUp এ ক্লিক করুন।
৩. SignUp এ ক্লিক করার পরে আপনার সামনে তিনটি বাক্স আসবে।
   - প্রথমে আপনার ই-মেইল আইডি দিন
   - তারপরে একটি নতুন পাসওয়ার্ড দিন।
   - এখন আপনার বয়স কত তা দিন।
৪. উপরের সব কিছু লিখে নিচে দেওয়া Continue এ ক্লিক করুন।
৫. Continue এ ক্লিক করার পরে Next এ ক্লিক করুন।
৬. এখন আপনি ছেলে (Male) না মেয়ে (Female) সিলেক্ট করে Next এ ক্লিক করুন।
৮. আপনার ছবিলো বেছে নিয়ে Done এ ক্লিক করুন।

**Pinterest Business Account:**

পারসোনাল পিন্টারেস্ট খোলার পর সেটিং থেকে পিন্টারেস্ট বিজনেস একাউন্টে কনভার্ট করার অপশন পাবেন। সেখান থেকে বিজনেস একাউন্টে কনভার্ট করলে আপনার একাউন্টটি বিজনেস একাউন্ট হয়ে যাবে। বিজনেজ একাউন্ট করলে আপনার পিনগুলোর (পোস্ট) এনালাইটিকস্ তথ্য দেখতে পারেবেন।




চিত্র: পিন্টারেস্ট এনালাইসিস

# Instagram Profile Creation

প্রথমে ইনস্টাগ্রামে আপনার একাউন্ট তৈরি করতে হবে। যদি আপনার ফেসবুক একাউন্ট থাকে তবে আপনি এটির মাধ্যমে সরাসরি সাইন আপ করতে পারেন।

সাইন আপ করার পরে, আপনার নিজের প্রোফাইলটি ভালভাবে সেট করা উচিত। আপনি চাইলে প্রোফাইলটি সম্পূর্ণ ব্যক্তিগত রাখতে পারেন। আপনার প্রোফাইলটি ব্যক্তিগত হলে কেউ আপনাকে সরাসরি দেখতে পাবে না। তাদের প্রথমে একটি রিকোয়েস্ট প্রেরণ করতে হবে এবং আপনি এটি একসেপ্ট করলে তারা আপনার ফটোগুলো দেখতে সক্ষম হবে।

আপনার বন্ধু, পরিবারের সদস্য, সেলিব্রিটি, প্রিয় ব্যক্তিত্ব ইত্যাদি ফলো করতে পারেন যাতে তারা যখন কোনও ছবি শেয়ার করেন, আপনি সেগুলো দেখতে পারেন।

**ইনস্টাগ্রাম একাউন্ট খোলার নিয়ম:**


১. ইনস্টাগ্রাম একাউন্ট খোলার জন্য প্রথমে গুগল প্লে স্টোরে গিয়ে ইনস্টাগ্রাম অ্যাপস ডাউনলোড করে ইন্সটল করতে হবে।
২. এরপর Sign Up করতে হবে। ফেসবুক একাউন্ট এর সাহায্য একটি ক্লিক এ Sign Up করতে পারেন অথবা আপনার মোবাইল নাম্বার, ই-মেইল আইডি দিয়েও ইনস্টাগ্রাম একাউন্ট খুলতে পারেন।
১. ফেসবুক এ ক্লিক করে ইনস্টাগ্রাম একাউন্ট এ Sign Up করলে আপনার ইনস্টাগ্রাম একাউন্ট খোলা হয়ে যাবে।
২. আর ইনস্টাগ্রাম একাউন্ট মোবাইল নাম্বার অথবা ই-মেইল আইডি দিয়ে খোলা হলে আপনার নাম লেখার সাথে সাথে ইনস্টাগ্রাম একাউন্ট খোলা হয়ে যাবে।

# সেলফ চেক-১.২১

## সোস্যাল প্রোফাইল তৈরী করা

**প্রশিক্ষনার্থীদের জন্য নির্দেশনা:-** উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখুন-

**সংক্ষিপ্ত প্রশ্ন-**



১. প্রশ্ন: ফেসবুক ফ্যানপেজ কী ?

উত্তরঃ

২. প্রশ্ন: টুইটারের টুইট ক্যারেক্টারস লিমিট কত?

উত্তরঃ

৩. প্রশ্ন: পিন্টারেস্টের পোস্টকে কী বলে?

উত্তরঃ

# উত্তরপত্র-১.২১



## সোস্যাল প্রোফাইল তৈরী করা

১. প্রশ্ন: ফেসবুক ফ্যানপেজ কী ?

উত্তরঃ ফেসবুপল পারসোনাল বা বিজনেজ পেজ তৈরী করা যায়।

সেলিব্রেটি বা পারসোনাল পেজকে ফ্যান পেজ বলে।

২. প্রশ্ন: টুইটারের টুইট ক্যারেক্টারস লিমিট কত?

উত্তরঃ টুইটারের টুইট ক্যারেক্টারস লিমিট ২৮০ ক্যারেক্টারস।

৩. প্রশ্ন: পিন্টারেস্টের পোস্টকে কী বলে?

উত্তরঃ পিন্টারেস্টের পোস্টকে পিন বলে।

# কর্মপত্র (Job Sheet) ১.২১

## Job Name (কাজের নাম): সোস্যাল প্রোফাইল তৈরী করণ

**পারসোনাল প্রটেক্টিভ ইকুইপমেন্ট :**

১) চশমা

২) অর্গানোমিক চেয়ার

৩) এপ্রোন

৪) বিদ্যুৎ নিরোধক জুতা



**যন্ত্রপাতি ও উপকরণ :**

১. ডেস্কটপ / ল্যাপটপ কম্পিউটার
২. ইন্টারনেট সংযোগ
৩. উইন্ডোজ, ইন্টারনেট ব্রাউজিংসহ প্রয়োজনীয় সফটওয়্যার
৪. স্ক্যানার ও প্রিন্টার
৫. ইউপিএসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) বিদ্যুৎ সংযোগ
৬. খাতা, কলম/পেন্সিল
৭. স্বাস্থ্যসম্মত কম্পিউটার টেবিল ও চেয়ার (Ergonomic furniture)

**এক্টিভিটি :**

১. ফেসবুক পেজ তৈরী করা।
২. টুইটার প্রোফাইল তৈরী করা।
৩. পিন্টারেস্ট প্রোফাইল তৈরী করা।
৪. ইন্সটাগ্রাম প্রোফাইল তৈরী করা।

# উপকরণপত্র (Specification Sheet) ১.২১



১. ফেসবুক পেজ তৈরী করেন।
২. টুইটার প্রোফাইল তৈরী করেন ।
৩. পিন্টারেস্ট প্রোফাইল তৈরী করেন।
৪. ইন্সটাগ্রাম প্রোফাইল তৈরী করেন ।

# শিখনফল (Learning Outcome): ২২# সোস্যাল প্রোফাইল প্রোমোট করা

**বিষয়বস্তু (Contents) ঃ**

১. সোসাল প্রোফাইল প্রোমোশন

**মূল্যায়ন মানদণ্ড (Assessment Criteria):**

১. সোসাল প্রোফাইল প্রোমোট করতে পারবে।

**শর্তাবলি (Conditions ) ঃ**

কাজের সময় শিক্ষার্থীকে অবশ্যই সরবরাহ করতে হবে:

১. পিপিই,

২. সরঞ্জাম ও উপকরণ,

৩. কম্পিউটার,

৪. যন্ত্রপাতি।

**শিক্ষা উপকরন (Learning Materials) ঃ**

১. বই, ম্যানুয়াল

২. মডিউল / রেফারেন্স

৩. কম্পিউটার

৪. ইন্টারনেট কানেকশন

# প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ঃ

## শিখনফল (Learning Outcome): সোস্যাল প্রোফাইল প্রোমোট করা

| শিখন কাজ (Learning Activities) | নির্দেশনা (Resources / Special instructions) |
|---|---|
| সোসাল প্রোফাইল প্রোমোট করা  | প্রত্যেক শিক্ষার্থীকে-<br>• সোস্যাল প্রোফাইল প্রোমোট করা সম্পর্কে ধারণা লাভ করার জন্য তথ্যপত্র (Information sheet) ১.২২ পড়তে হবে।<br>• সোস্যাল প্রোফাইল প্রোমোট করাসম্পর্কে ধারণা লাভ করার জন্য স্ব-যাচাই (Self check) ১.২২ সম্পাদন করতে হবে।<br>• সোস্যাল প্রোফাইল প্রোমোট করার দক্ষতা অর্জনের জন্য কর্মপত্র (Job sheet) ১.২২ অনুশীলন করতে হবে। |

# তথ্যপত্র (Information Sheet) ১.২২

**শিক্ষার উদ্দেশ্য (Learning Objective)** ঃ এই তথ্যপত্র পড়ার পর শিক্ষার্থী সোস্যাল প্রোফাইল প্রোমোট করা সম্পর্কে বিস্তারিত জানতে পারবে।



সোস্যাল প্রোফাইলগুলো তৈরি করার পর সেগুলো অপটিমাইজ করতে হবে। সোস্যাল প্রোফাইলগুলো শেয়ার করার জন্য রেডি হলে সেগুলো শেয়ার করতে হবে। যেন আপনার ব্যবসা বা আপনার সম্পর্কে জানতে পারে। আপনার সোস্যাল প্রোফাইল টার্গেটেড অডিয়েন্সের কাছে পৌছানোই হলো সোস্যাল প্রোফাইল প্রোমোশন।

- **সোস্যাল প্রোফাইল প্রোমোশন কীভাবে করা যায়?**

আপনার সোস্যাল প্রোফাইলগুলো দু'ভাবে প্রোমোট করতে পারেন। প্রথমত ফ্রি বা অর্গানিক। আর দ্বিতীয়ত পেইড অ্যাডস।

- **ফ্রি বা অর্গানিক প্রোমোশন:**

ফ্রি বা অর্গানিক প্রোমোশন হলো কোন পেইড অ্যাড না দিয়ে আপনার প্রোফাইলের ফোলোয়ার সংখ্যা বৃদ্ধি করার প্রক্রিয়া। এক্ষেত্রে আপনার প্রোফাইলগুলো প্রথমে বন্ধু-বান্ধব, আত্মীয়-স্বজনদেরকে ফলো করতে ইনভাইট পাঠাবেন। তাদেরকে বলবেন শেয়ার করতে। নিয়মিত বিভিন্ন তথ্য সমৃদ্ধ পোস্ট প্রোফাইলগুলোতে শেয়ার করতে হবে। আপনি যখন নিয়মিত আপনার প্রোফাইলগুলোতে এক্টিভ থাকবেন এবং তথ্য সমৃদ্ধ পোস্ট শেয়ার করবেন তখন ধীরে ধীরে আপনার ফলোয়ার সংখ্যা অর্গানিকভাবে বাড়তে থাকবে।

আর একটি পদ্ধতি হলো আপনার যারা কম্পিটিটর আছে তাদেরকে প্রথমে খুঁজে বের করতে হবে। এরপর তাদের যারা ফলোয়ার আছে তাদেরকে ফলো করতে হবে। সোস্যাল মিডিয়ার একটি নিয়ম হলো আপনি যাদের ফলো করবেন তারাও আপনাকে ফলো ব্যাক দেবে। তবে এ কাজ একদিনে করা যাবে না। একদিনে হাজার হাজার মানুষকে ফলো করলে আপনার আইডি বাতিল হয়ে যেতে পারে।

- **পেইড অ্যাডস:**


অধিকাংশ সোস্যাল মিডিয়াতেই পেইড অ্যাড দিয়ে প্রোফাইল বা ওয়েবসাইট প্রোমোট করার সুযোগ রয়েছে। এ সমস্ত জায়গাতে অ্যাডস দিয়ে প্রোফাইল প্রেমোট করা যায়। এছাড়াও বিভিন্ন মার্কেটপ্লেস থেকেও পে করে ফোলোয়ার বা পেজ লাইক কিনতে পাওয়া যায়। এক্ষেত্রে অনেকে ফেইক বা বোট ফোলোয়ার দিয়ে থাকে, এ বিষয়ে সতর্ক থাকতে হবে।

# সেলফ চেক-১.২২

## সোস্যাল প্রোফাইল প্রোমোট করা

**প্রশিক্ষনার্থীদের জন্য নির্দেশনাঃ-** উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখুন-

**সংক্ষিপ্ত প্রশ্ন-**



১. প্রশ্নঃ সোস্যাল প্রোফাইল প্রোমোট করা বলতে কী বোঝায়?

উত্তরঃ

২. প্রশ্নঃ সোস্যাল প্রোফাইল প্রোমোশন কীভাবে করা যায়?

উত্তরঃ

# উত্তরপত্র-১.২২

## সোস্যাল প্রোফাইল প্রোমোট করা



১. প্রশ্নঃ সোসাল প্রোফাইল প্রোমোট করা বলতে কী বোঝায়?

উত্তরঃ সোস্যাল প্রোফাইল টার্গেটেড অডিয়েন্সের কাছে পৌছানোই হলো সোস্যাল প্রোফাইল প্রোমোশন।

২. প্রশ্নঃ  সোস্যাল প্রোফাইল প্রোমোশন কীভাবে করা যায়?

উত্তরঃ সোস্যাল প্রোফাইলগুলো দু'ভাবে প্রোমোট করা যায়। প্রথমত ফ্রি বা অর্গানিক। আর দ্বিতীয়ত পেইড অ্যাডস।

# কর্মপত্র (Job Sheet) ১.২২

## **Job Name (কাজের নাম):** সোস্যাল প্রোফাইল প্রোমোট করণ

**পারসোনাল প্রটেক্টিভ ইকুইপমেন্ট :**

১) চশমা

২) অর্গানোমিক চেয়ার

৩) এপ্রোন

৪) বিদ্যুৎ নিরোধক জুতা



**যন্ত্রপাতি ও উপকরণ :**

৮. ডেস্কটপ / ল্যাপটপ কম্পিউটার

৯. ইন্টারনেট সংযোগ

১০. উইন্ডোজ, ইন্টারনেট ব্রাউজিংসহ প্রয়োজনীয় সফটওয়্যার

১১. স্ক্যানার ও প্রিন্টার

১২. ইউপিএসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) বিদ্যুৎ সংযোগ

১৩. খাতা, কলম/পেন্সিল

১৪. স্বাস্থ্যসম্মত কম্পিউটার টেবিল ও চেয়ার (Ergonomic furniture)

**এক্টিভিটি :**

১। সোস্যাল প্রোফাইল প্রোমোশন করা।

# উপকরণপত্র (Specification Sheet) ১.২২



১। সোস্যাল প্রোফাইল প্রোমোশন করেন।

## শিখনফল (Learning Outcome): ২৩# সোস্যাল সিগনাল ব্যাখ্যা করা

### বিষয়বস্তু (Contents) ঃ

১. সোস্যাল সিগনাল

### মূল্যায়ন মানদণ্ড (Assessment Criteria):

১. সোস্যাল সিগনাল সম্পর্কে জ্ঞান লাভ করতে পারবে।
২. সোস্যাল সিগনাল ব্যবহার করতে পারবে।

### শর্তাবলি (Conditions ) ঃ

কাজের সময় শিক্ষার্থীকে অবশ্যই সরবরাহ করতে হবে:

১. পিপিই,

২. সরঞ্জাম ও উপকরণ,

৩. কম্পিউটার,

৪. যন্ত্রপাতি।

### শিক্ষা উপকরন (Learning Materials) ঃ

১. বই, ম্যানুয়াল

২. মডিউল / রেফারেন্স

৩. কম্পিউটার

৪. ইন্টারনেট কানেকশন

# প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ঃ

## শিখনফল (Learning Outcome): সোস্যাল সিগনাল ব্যাখ্যা করা

| **শিখন কাজ (Learning Activities)** | **নির্দেশনা (Resources / Special instructions)** |
|---|---|
| সোস্যাল সিগনাল ব্যাখ্যা করা  | প্রত্যেক শিক্ষার্থীকে-<br>• সোস্যাল সিগনাল সম্পর্কে ধারণা লাভ করার জন্য তথ্যপত্র (Information sheet) ১.২২ পড়তে হবে।<br>• সোস্যাল সিগনাল সম্পর্কে ধারণা লাভ করার জন্য স্ব-যাচাই (Self check) ১.২২ সম্পাদন করতে হবে।<br>• সোস্যাল সিগনাল ব্যবহার করার দক্ষতা অর্জনের জন্য কর্মপত্র (Job sheet) ১.২২ অনুশীলন করতে হবে। |

# তথ্যপত্র (Information Sheet) ১.২৩



**শিক্ষার উদ্দেশ্য (Learning Objective)** ঃ এই তথ্যপত্র পড়ার পর শিক্ষার্থীরা সোস্যাল সিগনাল সম্পর্কে জ্ঞান লাভ করতে পারবে। সম্পর্কে বিস্তারিত জানতে পারবে।

ওয়েবসাইট যখন কোন সোস্যাল মিডিয়ায় শেয়ার হয় সেটাকেই সোস্যাল সিগন্যাল বলা হয়। অর্থাৎ আপনার কন্টেন যদি যে কোন সোস্যাল সাইটে শেয়ার হয় এবং সেখান থেকে লাইক, কমেন্ট, শেয়ার পায় (যেমন ফেসবুক, টুইটার, রেডিট, পিনটারেস্ট) সেটাকেই সোস্যাল সিগনাল বলা হয়।

**কীভাবে পাবেন সোস্যাল সিগন্যাল পাওয়া যায়?**

সোস্যাল সিগন্যাল দু'ভাবে পেতে পারেন-

১। ন্যাচারাল সোস্যাল সিগন্যাল

২। পেইড সোস্যাল সিগন্যাল

- **ন্যাচারাল সোস্যাল সিগনাল:**

যদি আপনার কন্টেন মানুষের ভালো লাগে বা উপকারী হয় স্বাভাবিক ভাবেই সেটা আপনার ট্রাফিক বা ভিজিটররা শেয়ার করবে এবং আপনি সোস্যাল সিগনাল পেয়ে যাবেন। আমরা অনেকেই কোন একটি কন্টেন্ট ভালো লাগলে শেয়ার করি। এ পদ্ধতিই ন্যাচারাল পদ্ধতি।

- **পেইড মেথড সোস্যাল সিগন্যাল:**


পেইড সোস্যাল সিগন্যাল পাওয়ার জন্য আপনাকে সোস্যাল মিডিয়াতে পেইড অ্যাড দিতে হবে। এছাড়াও বিভিন্ন মার্কেটিং সাইটে অনেক মার্কেটার পাওয়া যায় যাদের কাছ থেকে পেইড সিগনাল নেয়া যায়।

# সেলফ চেক-১.২২

## সোস্যাল সিগনাল ব্যাখ্যা করা

**প্রশিক্ষনার্থীদের জন্য নির্দেশনা:-** উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখুন-

**সংক্ষিপ্ত প্রশ্ন-**



১. প্রশ্ন: সোস্যাল সিগনাল বলতে কী বোঝায়?

উত্তরঃ

২. প্রশ্ন: সোস্যাল সিগনাল কত ভাবে যায় এবং কী কী?

উত্তরঃ

# উত্তরপত্র-১.২২



## সোস্যাল সিগনাল ব্যাখ্যা করা

১. প্রশ্নঃ সোস্যাল সিগনাল বলতে কী বোঝায়?

উত্তরঃ ওয়েবসাইট যখন কোন সোস্যাল মিডিয়ায় শেয়ার হয় সেটাকেই সোস্যাল সিগন্যাল বলা হয়।

২. প্রশ্নঃ সোস্যাল সিগনাল কত ভাবে যায় এবং কী কী?

উত্তরঃ সোস্যাল সিগন্যাল দু'ভাবে পাওয়া যায় -১। ন্যাচারাল সোস্যাল সিগন্যাল এবং, ২। পেইড সোস্যাল সিগন্যাল

# কর্মপত্র (Job Sheet) ১.২৩

## Job Name (কাজের নাম): সোস্যাল সিগনাল ব্যাখ্যা করণ

**পারসোনাল প্রটেক্টিভ ইকুইপমেন্ট :**

১) চশমা

২) অর্গানোমিক চেয়ার

৩) এপ্রোন

৪) বিদ্যুৎ নিরোধক জুতা



**যন্ত্রপাতি ও উপকরণ :**

১. ডেস্কটপ / ল্যাপটপ কম্পিউটার
২. ইন্টারনেট সংযোগ
৩. উইন্ডোজ, ইন্টারনেট ব্রাউজিংসহ প্রয়োজনীয় সফটওয়্যার
৪. স্ক্যানার ও প্রিন্টার
৫. ইউপিএসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) বিদ্যুৎ সংযোগ
৬. খাতা, কলম/পেন্সিল
৭. স্বাস্থ্যসম্মত কম্পিউটার টেবিল ও চেয়ার (Ergonomic furniture)

**এক্টিভিটি :**

১। সোস্যাল সিগনাল ব্যাখ্যা করা।

# উপকরণপত্র (Specification Sheet) ১.২৩



১। সোস্যাল মিডিয়াতে পোস্টের লিংক শেয়ার করেন ।

২। সোস্যাল সিগনাল চেক করেন।